শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ

প্রশিক্ষণ ম্যানুয়েল

উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) প্রকল্প

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়

সূচিপত্র

		পৃষ্ঠা নং
অধ্যায়-০১	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং মাল্টিমিডিয়া	০২
অধ্যায়-০২	কম্পিউটার পরিচিতি	০৬
অধ্যায়-০৩	কম্পিউটারের ইতিহাস	১১
অধ্যায়-০৪	মাইক্রোসফট ওয়ার্ড (Microsoft Word)	১৭
অধ্যায়-০৫	তথ্য যোগাযোগ, কম্পিউটার নেটওয়ার্ক ও ইন্টারনেট	২৯
অধ্যায়-০৬	মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট এবং ব্যবহারিক প্রয়োগ করে মাল্টিমিডিয়া কন্টেন্ট প্রনয়ন	৫৬
অধ্যায়-০৭	শিক্ষক বাতায়ন (www.teacher.gov.bd)	৭৯
অধ্যায়-০৮	মাইক্রোসফট এক্সেল (Microsoft Excel)	১০২
অধ্যায়-০৯	এডোবি ফটোসপ (Adobe Photoshop)	১১৯
অধ্যায়-১০	কম্পিউটার হার্ডওয়্যার এন্ড ট্রাবলসুটিং	১৪৩
অধ্যায়-১১	e-Survey (On-line)form পূরণের নির্দেশাবলী	১৫১
অধ্যায়-১২	কম্পিউটার বিষয়ে বহুল ব্যবহৃত কিছু শব্দের সংক্ষিপ্ত ব্যাখ্যা	১৫৪

অধ্যায়-১

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং মাল্টিমিডিয়া

Information & Communication Technology and Multimedia

তথ্য প্রযুক্তি (Information Technology)

তথ্য আহরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বিতরণের সাথে সংশি- ষ্ট প্রক্রিয়া ও ব্যবস্থাকে এক কথায় বলা হয় তথ্য প্রযুক্তি বা ইনফরমেশন টেকনোলজি (Information Technology)। দ্রুত সিদ্ধান্ত নেয়ার জন্য অথবা দ্রুত ও দক্ষ ব্যবস্থাপনার জন্য তথ্য আহরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও তথ্য বিতরণের গুরুত্ব অনেক। বর্তমানে তথ্য প্রযুক্তির গুরুত্ব ক্রমাগত বেড়ে চলেছে। তথ্য প্রযুক্তি ব্যবস্থার উন্নতির ফলে একটি ছোট কম্পিউটার বা টার্মিনালের মাধ্যমে দূরের কম্পিউটারের সাথে যোগাযোগ করা যায়। ফলে খুব সহজে ও দ্রুত তথ্য আদান প্রদান করা সম্ভব।

তথ্য প্রযুক্তি (Information Technology) এর উপকারিতা

- ব্যয় সংকোচন।
- সময় বাঁচে।
- তাৎক্ষণিক যোগাযোগ সম্ভব।
- কর্মদক্ষতা বৃদ্ধি পায়।
- কাজের গতি বৃদ্ধি পায়।
- মনুষ্য শক্তির অপচয় রোধ ইত্যাদি।

তথ্যপ্রযুক্তি যেভাবে সমাজকেপ্রভাবিত করে (Influence of Information Technology in the Society)

ইদানিং সর্বত্র তথ্য প্রযুক্তির জয় জয়কার। ব্যবসায়, ব্যবস্থাপনা, যোগাযোগ, শিক্ষা, বিজ্ঞান, ঔষধ এবং শিল্পে সর্বত্র তথ্য প্রযুক্তির ব্যবহার লক্ষনীয়। টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, টেলিভিশন এবং সর্বশেষ কম্পিউটার তথ্য প্রযুক্তির ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। এই তথ্য ছাড়া আমরা কোন কিছুই কল্পনা করতে পারি না।

- **যোগাযোগ (Communication)** তথ্য যোগাযোগের সকল ক্ষেত্রে তথ্য প্রযুক্তি ব্যাপক ভাবে ব্যবহৃত হয়ে থাকে, তাই তো এটি জীবনকে করেছে সহজ, সাবলীল, দ্রুত ও লাভজনক। টেলিফোন, ফ্যাক্স, টেলিপ্রিন্টার, কম্পিউটার, ই-মেইল যোগাযোগ-এর ক্ষেত্রে বিপ্লব ঘটিয়েছে।

- **শিক্ষা (Education)** তথ্য প্রযুক্তি শিক্ষানীতিকে পরিবর্তন করেছে। যে কোন জায়গা থেকে এই প্রযুক্তি ব্যবহার করে শিক্ষা লাভ করা যায়। এখন যদি কোন ব্যক্তি বাংলাদেশে বসে যুক্তরাষ্ট্রের কোন গ্রন্থাগার থেকে কোন তথ্য জানতে চায় তাহলে মুহূর্তেই তা পেতে পারে। এখন যে কোন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় লাইব্রেরির থেকে তথ্য ও গবেষণা কর্ম ইন্টারনেটে পাওয়া যায় এবং এটা প্রতিনিয়ত হাল নাগাদ করা হচ্ছে। ফলে যে কেউ যে কোন তথ্য বিশ্বের যে কোন জায়গা থেকে পেতে পারে।
- **ঔষধ (Medicine)** এই সেক্টরে তথ্য প্রযুক্তি ব্যবহার করে মানুষের গড় আয়ু বৃদ্ধি করা সম্ভব হচ্ছে। এখন আমরা বাড়ীতে বসেই রোগের চিকিৎসা পেতে পারি। নিত্য নতুন আবিস্কৃত ঔষধ এবং চিকিৎসা পদ্ধতি সম্পর্কে এই তথ্য প্রযুক্তি ব্যবহার করে আমরা তা জানতে পারি।

- **সাহিত্য ও বিনোদন ক্ষেত্রে (Literature and Entertainment)** তথ্য প্রযুক্তি ব্যবহারের ফলে এই সেক্টরটি বিস্ড়ৃত হয়েছে এবং ব্যাপক বিপ-ব সাধিত হয়েছে। আমরা সমগ্র বিশ্বের টিভি চ্যানেলগুলো একটি র"মে বসে দেখছি। তথ্য প্রযুক্তি বিনোদনের এই চাহিদাগুলো মিটিয়েছে।

- **খেলাধুলা (Sports & Games)** আমরা এই প্রযুক্তি ব্যবহার করে সহজেই খেলাধুলার খবর জানতে পারি।

সমাজে এর অসুবিধাগুলো/অপকারিতা (Disadvantages in the Society)

তথ্য প্রযুক্তিরও কতগুলো অপকারিতা রয়েছে। এমন কতগুলো অশ্লীল ওয়েব-সাইট রয়েছে যা অনেক অপরাধের জন্ম দেয় এবং এর ফলে মানুষকে কু-প্রবৃত্তির দিকে তাড়িত করে। যেহেতু আমরা ব্যাপক পরিসরে এটা ব্যবহার করি তাই এর নিয়ন্ত্রিত ব্যবহার, দ্রুত প্রসার এবং উন্নয়ন পৃথিবীকে আরও সুন্দর এবং সমৃদ্ধ করবে।

তথ্য প্রযুক্তির ক্রমবিকাশ

আধুনিক সভ্যতার উন্নতির মূলে রয়েছে তথ্য প্রযুক্তির সফল বিকাশ। কম্পিউটার আবিস্কারের পর থেকে ইলেকট্রনিক প্রযুক্তির উৎকর্ষের ফলে টেলিফোন ও টেলিভিশনের সাথে এগুলোর সংযোগের ফলে এক্ষেত্রে প্রভূত উন্নতি সাধিত হয়। ষাটের দশকে উপগ্রহ যোগাযোগ ব্যবস্থার মধ্য দিয়ে টেলিযোগাযোগের ক্ষেত্রে নতুন অগ্রযাত্রা শুরু হয়। এর ধারাবাহিকতায় ফাইবার অপটিক্যাল কেবলের মধ্য দিয়ে ইন্টারনেট সংযোগ ও ভিডিও কমপ্রেশন ব্যবস্থা এ প্রযুক্তিকে আরও উন্নত করেছে।

তথ্য প্রযুক্তিতে বিপ্লব ঘটিয়েছে এমন যন্ত্র ও সিস্টেমগুলো

ফ্যাক্স (Fax)

ফ্যাক্স এমন একটি প্রযুক্তি যা প্রেরকের কাছ থেকে কাগজে লেখা তথ্য হুবহু অপর প্রান্তের প্রাপকের নিকট পৌঁছিয়ে দেয়। আপনি ফ্যাক্স মডেম ব্যবহার করে একই ধরনের কপি ফ্যাক্স গ্রহিতার কাছে কিংবা নিজ প্রান্তেও বের করতে পারেন, কিন্তু এটি ফ্যাক্সে ঢুকানো কপির চেয়ে কম নির্ভরযোগ্য হবে।

টেলি কনফারেন্সিং (Tele Conferencing)

টেলিযোগাযোগের মাধ্যমে সভা অনুষ্ঠানের প্রক্রিয়াকে টেলিকনফারেন্সিং বলা হয়। দুই বা ততোধিক গ্রুপের মধ্যে যোগাযোগ স্থাপন করে টেলিকনফারেন্সিং। যারা ভিন্ন জায়গায় রয়েছে তাদের মধ্যে অডিও, অডিও গ্রাফ এবং কম্পিউটার সিস্টেম এর মাধ্যমে দলীয় যোগাযোগ করা সম্ভব হয়। বিভিন্ন অবস্থানের মানুষকে কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ব্যবহার করে মিটিং এর ব্যবস্থা করে দেওয়া হয়। টেলিকনফারেন্সিং ব্যবস্থা সফটওয়্যারের মাধ্যমে নিয়ন্ত্রণ করা যায়।

ভিডিও কনফারেন্সিং (Video Conferencing)

যারা একই স্থানে নেই এমন ব্যাক্তির সাথে ভিডিও ও কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করে সংলাপ করাই হলো ভিডিও কনফারেন্সিং। দুই বা ততোধিক গ্রুপের সাথে আলোচনা করা যায় এমন ভিন্ন অবস্থানের মানুষের সাথে ইলেকট্রনিক্স যোগাযোগ ব্যবস্থা ব্যবহার করে তাদের ছবি দেখা ও কথা শোনা যায় এমন সংলাপই ভিডিও কনফারেন্সিং। এটি অনেকটা টেলিকনফারেন্সিং-এর মতই। এতে প্রয়োজন হয় মাল্টিমিডিয়া কম্পিউটার, ওয়েব ক্যামেরা, ভিডিও ক্যাপচার কার্ড, টেলিফোন লাইন, মডেম ও ইন্টারনেট।

টেলিযোগাযোগ নেটওয়ার্কের সাহায্যে এমন কনফারেন্স পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে হতে পারে।

রোবট (Robot)

বিংশ শতাব্দীর আবিস্কারের মধ্যে এটি প্রযুক্তিগতভাবে আশাবাদ ব্যক্ত করার মত আবিষ্কার। রোবট হলো

মানুষ আকৃতি মত এমন একটি যন্ত্র যা মানুষের কথা বুঝতে পারে, ভিজুয়াল সেন্সে সেগুলো অনুবাদ করে কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে সেগুলো নিয়ন্ত্রণ করে। রোবটের কাজের ধারা পূর্ব থেকে ঠিক করে দেয়া থাকে। এটি শুধু নির্দেশিত কাজের ধারা অনুযায়ী সাড়া দিয়ে থকে। রোবট প্রতিকুল পরিবেশে নিখুঁত ও ক্লান্তিহীনভাবে কাজ করতে পারে। এটি একটি স্ব-নিয়ন্ত্রিত কম্পিউটার পদ্ধতি।

টেলি-টেক্সট (Tele-text)

টেলিটেক্সট হলো একমুখী তথ্য প্রবাহ সার্ভিস। এই প্রক্রিয়ায় কেন্দ্রীয় ডেটাবেজ হতে একটি নির্ধারিত সংখ্যক তথ্য পাতা টিভি সম্প্রচারের মাধ্যমে ব্যবহারকারীর নিকট পৌঁছানো যায়। পেজসমূহ নির্ধারণ করে উপস্থাপনের জন্য টিভি ডিকোডার (Decoder) টিভি সেটে ব্যবহার করা হয়। জনপ্রিয় সংক্ষিপ্ত তথ্য জানার জন্য এ ব্যবস্থা খুব উপযোগী। যেমন- আবহাওয়ার খবর ও শেয়ার বাজারের খবর ইত্যাদি।

বুলেটিন বোর্ড (Bulletine Board)

ইন্টারনেটে বুলেটিন বোর্ড একটি বাস্তব বুলেটিন বোর্ডের মত। আসল বুলেটিন বোর্ডে জনগণের দেখার জন্য জিনিসগুলো আলাদা করে রাখে। ই-মেইল প্রেরণের মাধ্যমে জনগন বুলেটিন বোর্ড ব্যবহার করে। এটি মেসেজকে অন্যদের দেখার জন্য Post করে দেয়। এটি একটি বিশাল ক্ষমতা সম্পন্ন কম্পিউটার ব্যবস্থা যা টেলিফোন লাইনের মাধ্যমে কম-শক্তির কম্পিউটারের সাথে যুক্ত থাকে।

রিজার্ভেশন সিস্টেম (Reservation System)

সংরক্ষণ (Reservation) এক ধরনের বুকিং পদ্ধতি যার মাধ্যমে পৃথিবীর যে কোন প্রান্ড় থেকে ব্যবহারকারী তাদের বিমানের আসন বুক করতে পারেন। এটা হতে পারে বিমানের, হোস্টেলে কিংবা অন্য যানবাহনের। আপনি প্রয়োজনীয় বুকিং তথ্যের একটি সার্বিক চিত্র যে কোন সময় দেখতে পারবেন।

ভিডিও টেক্সট (Video-text)

ভিডিও-টেকস্ট এমন এক ধরণের কার্য সাধন পদ্ধতি যাতে ইহা ডাটাবেজ এর সাথে সংযোগের মাধ্যমে তথ্য উদ্ধার করে। এটি যোগাযোগ নেটওয়ার্ক ব্যবহার করে শেয়ার বাজার এবং অন্যান্য খরচের তথ্য রাখে।



ইলেকট্রনিক উপায়ে অর্থ স্থানান্তর (Electronic Fund Transfer)

ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার হলো টেক্সাস রাজ্যের একটি আর্থিক নেটওয়ার্ক যা ১৯৯০ সালে শুরু হয়েছে। এটি বৈদ্যুতিক অর্থ স্থানান্তরের জন্য ডিজাইন করা হয়েছে কর দাতাদের জন্য। এই সিস্টেমটি বিলিয়ন বিলিয়ন ডলার সংগ্রহ করেছে প্রায় শতাধিক ট্যাক্স ও ফি বাবদ। আপনি যদি এর অন্ড়র্ভূক্ত হতে চান তাহলে আপনাকে ক্যাশ পেমেন্ট করতে হবে। ইলেকট্রনিক ডেবিট ও ক্রেডিট করার জন্য আপনাকে কোন কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে লেনদেন করতে হবে। লেনদেন কার্যে সুবিধা ও নিরাপত্তার নিমিত্তে অটোমেটিক টেলার টার্মিনাল ব্যবহার করা হয়। ডটো দিয়ে ব্যাংকের লেনদেন কার্য সম্পাদনের জন্য চৌম্বক কালির লেখা বিশিষ্ট কার্ড ব্যবহার করা হয়।

এক্সপার্ট সিস্টেম (Expert System)

সাধারণভাবে একজন অভিজ্ঞ মানুষের মত কৃত্রিম বুদ্ধিমত্তার সহায়তায় তথ্য ও কারণ অনুসন্ধানী কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে ছোট খাটো সমস্যা গুচ্ছ সমাধান করা যায়। মানুষ এক্সপার্টের মত কিংবা কাছাকাছি কোন একটি বিশেষ ক্ষেত্রে কাজ করে এমন একটি কম্পিউটার সিস্টেমই হলো এক্সপার্ট সিস্টেম।

কম্পিউটার ভিশন (Computer Vision)

কম্পিউটারের মাধ্যমে কোন প্রদর্শনীর জন্য বিভিন্ন রং এর সমন্বয় করে এটিকে চিত্তাকর্ষকভাবে উপস্থাপন করা যায়। গ্রাফিক্স ও এর বিন্যাস সঠিক হতে হবে। কোন চিত্রে বিভিন্ন রং থাকলে কম্পিউটার তা সহজে পড়ে নিতে পারে। উজ্জল ও অনুজ্জল রং এর পুনরুদ্ধার এর মাধ্যমে কম্পিউটার প্রকৃত চিত্র ফুটিয়ে তুলতে পারে।

কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence)

এটি যন্ত্রের এমন একটি ধর্ম যা মানুষের চিন্ড়ার মত করে প্রক্রিয়াকরণ করে। বিভিন্ন গবেষক কৃত্রিম বুদ্ধিমত্তাকে মেশিনের মাধ্যমে শিক্ষা এবং সিদ্ধান্ড় নেয়ার সামর্থ ও প্রয়োজনীয়তা উপলব্ধি করছেন। যাকে মাঝেমাঝে AI বা কৃত্রিম বুদ্ধিমত্তা বলে।

কৃত্রিম বুদ্ধিমত্তা কম্পিউটার বিজ্ঞানের এমন একটি শাখা যা মানুষের মত কাজ করে প্রায় মানুষের মত ফলাফল প্রদানের চেষ্টা করে। কৃত্রিম বুদ্ধিমত্তার কাজের মধ্যে রয়েছে এক্সপার্ট সিস্টেম, প্রাকৃতিক ভাষা অনুধাবন, কথা সনাক্তকরণ, ভিশন এবং রোবোটিক্স ইত্যাদি।

মাল্টিমিডিয়া (Multimedia)

মাল্টি অর্থ বহু এবং মিডিয়া অর্থ মাধ্যম। সেই দিক থেকে শব্দগত অর্থে মাল্টিমিডিয়া হলো বহু মাধ্যম। বর্তমান সময়ে কম্পিউটার পরিমন্ডলে বহুল আলোচিত নাম মাল্টিমিডিয়া। কথা, দৃশ্য, শব্দ, ইত্যাদি সমন্বয়ে সৃষ্ট বহুমাত্রিক উপস্থাপনার নাম মাল্টিমিডিয়া। মাল্টিমিডিয়া সুবিধা অর্জনর জন্য কম্পিউটারের সাথে কতিপয় অতিরিক্ত হার্ডওয়্যার ও সফটওয়্যার সংযোজনের প্রয়োজন হয়। মাল্টিমিডিয়া সুবিধা সম্বলিত কম্পিউটারে ছবি দেখা, গান শোনা, ইত্যাদি সম্ভব হয়। মাল্টিমিডিয়া সুবিধা অর্জনের জন্য কম্পিউটারে সিডি রম ড্রাইভ, সাউন্ড কার্ড, স্পীকার ইত্যাদি হার্ডওয়্যার সরঞ্জাম প্রয়োজন হয় এবং তৎসঙ্গে প্রয়োজন হয় মাল্টিমিডিয়া সফ্টওয়ার। যেমন- উইন্ডোজ মিডিয়া প্লেয়ার, জেট অডিও, উইন ডিভিডি ইত্যাদি এক একটি মাল্টিমিডিয়া সফ্টওয়্যার।

মাল্টিমিডিয়ার ব্যবহার

মাল্টিমিডিয়া কম্পিউটার প্রযুক্তির অন্যতম একটি সাফল্য। বিশ্বতথ্য ভান্ডার উপস্থাপনার জন্য বহু মিডিয়ার প্রচলন হয়েছে। আর এই বহু মিডিয়ার কার্যক্রমকে যে মিডিয়ার মাধ্যমে উপভোগ করা যায় তাকে বলে মাল্টিমিডিয়া। একটি মাল্টিমিডিয়াযুক্ত কম্পিউটারে দৈনন্দিন কাজ কর্মের পাশাপাশি ছবি দেখা, গান শোনা, কথা বা গান রেকর্ড করা, সিডি প্লে করা, টেলিভিশন দেখা, ইন্টারনেটের মাধ্যমে তথ্যের আদান-প্রদান করা ইত্যাদি কাজ করা যায়। মাল্টিমিডিয়ার বদৌলতে বিশ্বের সকল প্রকার গান ও বিনোদন ব্যবস্থা এখন আমাদের হাতের মুঠোয় ধরা দিয়েছে। শিক্ষা ক্ষেত্রে মাল্টিমিডিয়া ব্যবহারের ফলে শিক্ষার্থীগণ পাঠ্য বিষয় সহজে বুঝতে সক্ষম হয়। মাল্টিমিডিয়ার সাহায্য অডিও মাধ্যম ও অডিও মাধ্যম ব্যবহারের ফলে শিক্ষার বিষয়কে নিখুঁতভাবে ফুটিয়ে তোলা যায়। কোন বিষয়ের চলমান ছবি উক্ত বিষয় সম্পর্কে স্পষ্ট ধারনা দেয়। মাল্টিমিডিয়ার ব্যবহারে যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নতি ঘটেছে। এখন ভিডিও টেলিফোন ব্যবহার করে আলাপরত দু'জন ব্যক্তি একে অন্যকে স্ক্রিনে দেখতে পারে। মাল্টিমিডিয়ার সাহায্যে ক্রেতা ঘরে বসে ইন্টারনেট এর মাধ্যমে পণ্যের অর্ডার দিতে পারে। মূল্য পরিশোধ করতে পারে এবং ডেলিভারি পেতে পারে। মাল্টিমিডিয়ার সাহায্যে একজন ব্যক্তি ঘরে বসে ইন্টারনেট মাধ্যমে বিশ্বের বড় বড় চিকিৎসা কেন্দ্র বা হাসপাতালের সাথে যোগাযোগ করতে পারে। বিভিন্ন ডাক্তারের সাথে পরার্মশ করে রোগের চিকিৎসাপত্র সংগ্রহ করতে পারে।

অধ্যায়-২
কম্পিউটার পরিচিতি
Introduction to Computer

ভুমিকা ঃ কম্পিউটার হচ্ছে একটি আধুনিক ইলেকট্রনিক যন্ত্র। অনেকগুলো কম্পিউটার হার্ডওয়্যার যন্ত্রাংশের সমন্বয়ে একটি পূর্ণাংগ কম্পিউটারে রূপ পায়। এ যন্ত্রাংশগুলো সচল করতে প্রয়োজন হয় সফট্ওয়্যার। একটি পূর্ণাংগ কম্পিউটার তৈরির ক্ষেত্রে উল্লেখযোগ্য Components হলো ইনপুট ডিভাইস (Input Device), আউটপুট ডিভাইস (Output Device) ও সিস্টেম ইউনিট (System Unit)।



ইনপুট ডিভাইস (Input Device)

কম্পিউটারের যে সমস্ত ডিভাইসের মাধ্যমে ডেটা (Data) ইনপুট করা হয় সেগুলোকে ইনপুট ডিভাইস বলে। যেমন ঃ- Mouse, Keyboard, Scanner, OMR, OCR ইত্যাদি।

মাউস (Mouse) ঃ মাউস একটি ইনপুট ডিভাইস। ইহার সাহায্যে ডেটা ইনপুট ও নির্দেশ প্রদান করা হয়।

কী-বোর্ড (Keyboard)

কী-বোর্ড একটি ইনপুট ডিভাইস। কী-বোর্ডে বিভিন্ন ধরনের কী রয়েছে। কী-বোর্ডের কী-গুলো দ্বারা ডেটা টাইপ করে কম্পিউটারে ইনপুট করা হয়।

স্ক্যানার (Scanner)

স্ক্যানার একটি ইনপুট ডিভাইস। ইহার মাধ্যমে ক্যামেরায় তোলা ছবি, মুদ্রিত কোন ছবি বা লেখা হুবহু কম্পিউটারের ইনপুট করার কাজে ব্যবহৃত হয়ে থাকে।

ওএমআর (Optical Mark Reader)

ইহা কোন বিষয় শুধু মার্ক করা অংশ কম্পিউটারকে জানায়। অর্থাৎ পূর্বে সেট করা কোন প্রোগ্রামের ভিত্তিতে ইহা ফলাফল প্রকাশ করে থাকে। যেমন নৈমিত্তিক প্রশ্নের উত্তর পত্রের ফলাফল দ্রুত পাওয়ার জন্য ওএমআর ব্যবহার করা হয়ে থাকে।



ওসিআর (Optical Character Reader)

সাধারণ কাগজ ও কালিতে ছাপা ক্যারেক্টার (বর্ণ,সংখ্যা ও কিছু বিশেষ চিহ্ন) বুঝার জন্য এই ওসিআর ব্যবহার করা হয়। আজকাল ইহা পোষ্ট অফিস, ব্যাংক ইত্যাদি প্রতিষ্ঠানে ব্যবহার করা হচ্ছে।

সিস্টেম ইউনিট/প্রসেস ইউনিট (System Unit/Process Unit)

সিস্টেম ইউনিট কম্পিউটার সেটের কেসিং অংশটিকে বুঝায়। সুতরাং কম্পিউটারে যে অংশে ইনপুটকৃত ডেটা প্রসেস করে তাকে সিস্টেম ইউনিট/প্রসেস ইউনিট বলে। ডেটাগুলো প্রসেস করার ক্ষেত্রে উলে-খযোগ্য অংশ হলো CPU (Central Processing Unit)।

CPU (Central Processing Unit) এর তিনটি অংশ রয়েছে।

১. নিয়ন্ত্রণ অংশ (Control Unit)
২. গাণিতিক ও যুক্তি অংশ (Arithmetic and Logic Unit)
৩. স্মৃতি/রেজিস্টার অংশ (Memory/Register Unit)

নিয়ন্ত্রণ অংশ (Control Unit)

নিয়ন্ত্রণ অংশের কাজ হলো প্রতিটি নির্দেশকে সঠিকভাবে পরীক্ষা করে কার্যকর করার জন্য প্রয়োজনীয় সংকেত তৈরি করা। নিয়ন্ত্রণ অংশ প্রোগ্রামের নির্দেশসমূহকে একটির পরে একটি সঠিকভাবে অনুধাবনের পর কার্যকর করে।

গাণিতিক ও যুক্তি অংশ (Arithmetic and Logic Unit)

বিভিন্ন প্রকার লজিক সার্কিট এর সমন্বয়ে গাণিতিক ও যুক্তি অংশ গঠিত। এই অংশে যাবতীয় গাণিতিক (যেমন যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি) ও যুক্তিমুলক সমস্যার সমাধান করে। কাজ শেষে ফলাফল প্রধান স্মৃতিতে জমা হয় এবং আউটপুট ডিভাইসে (মনিটর) প্রেরিত হয়।

স্মৃতি/রেজিস্টার অংশ (Memory/Register Unit)

কোন প্রোগ্রাম নির্ধারণের সময় এই অভ্যন্ড়রীণ রেজিস্ট্রারগুলো স্বল্পক্ষণ ডেটা সংরক্ষণ এবং গাণিতিক যুক্তি অংশে তথ্য প্রক্রিয়াকরণের কাজে রেজিস্টারগুলি ব্যবহৃত হয়। এই সকল রেজিস্টারে দ্রুত লিখন ও পঠন সম্ভব।

আউটপুট ডিভাইস (Output Device)

কম্পিউটারের যে অংশের মাধ্যমে প্রসেসকৃত ডেটা আউটপুট হিসাবে দেখতে পাই তা আউটপুট ডিভাইস বলে। যেমন ঃ Monitor, Printer, Plotter ইত্যাদি।

মনিটর (Monitor)

কম্পিউটারের যাবতীয় কার্যক্রমকে প্রদর্শনের জন্য যে পর্দা ব্যবহার করা হয় তাকে সহজ ভাষায় মনিটর বলে।

প্রিন্টার (Printer)

প্রিন্টার একটি আউটপুট ডিভাইস, কম্পিউটারে তথ্য প্রক্রিয়াকরণের ফলাফলকে লিখিত আকারে পাওয়ার জন্য পিন্টার ব্যবহার করা হয। প্রিন্টার দু'ধরনের হয়ে থাকে।

মেমোরির ধারন ক্ষমতা ঃ

কম্পিউটারের মেমোরি ধারন ক্ষমতা বলতে বুঝায় কম্পিউটার তার স্মৃতি স্থানে কতকগুলো বিট বা বাইট সংরক্ষণ করতে পারে। মেমোরির ধারন ক্ষমতা পরিমাপের এককগুলো মধ্যে সম্পর্ক নিম্নে দেয়া হলো।

৮	বিট	=	১ বাইট
১০২৪	বাইট	=	১ কিলোবাইট
১০২৪	কিলোবাইট	=	১ মেগাবাইট
১০২৪	মেগাবাইট	=	১ গিগাবাইট
১০২৪	গিগাবাইট	=	১ টেরাবাইট

বিট (Bit) : কম্পিউটারের সমস্ত অভ্যন্তরীণ কার্যপ্রণালী বাইনারি (Binary) সংখ্যা পদ্ধতিতে সংগঠিত। অর্থাৎ বাইনারি সংখ্যা পদ্ধতি কম্পিউটারের কার্য নির্বাহের মুল ভিত্তি। এই বাইনারি সংখ্যা পদ্ধতির মৌলিক দুটি অংক ০ (শুন্য) এবং ১ (এক) কে বিট বলে। বাইনারি অংকের সংক্ষিপ্ত রূপ বিট।

বাইট (Byte) ঃ আটটি বিট নিয়ে গঠিত হয় একটি বাইট। কম্পিউটারে বাইটের দ্বারা বর্ণ, অংক এবং বিশেষ চিহ্নকে নির্দিষ্ট করা হয়। এক্ষেত্রে একটি স্মৃতিস্থানে একটি বাইট সংরক্ষণের ব্যবস্থা থাকে।

স্টোরেজ ডিভাইস (Storage Device)

কম্পিউটারের যে অংশগুলোতে ডেটা সংরক্ষিত করে রাখা হয় সেই অংশগুলোকে স্টোরেজ ডিভাইস বলে। যেমন Hard Disk, Floppy Disk, CD-ROM, DVD-ROM ইত্যাদি। ইনপুট ডিভাইসের মাধ্যমে ডেটা কম্পিউটারে ইনপুট করে স্টোর ডিভাইসে সংরক্ষণ করে রাখা যায়। প্রয়োজনে স্টোরেজ ডিভাইস থেকে সংরক্ষিত ডেটা নিয়ে কাজ করা যায়।

হার্ড ডিস্ক (Hard Disk)

ইহা কম্পিউটারের একটি বড় স্টোরেজ ডিভাইস। ইহার মধ্যে অনেক ডেটা রাখা যায়। কম্পিউটারে কাজ করার পর Save (সংরক্ষণ) করলে সাধারণতঃ হার্ডডিস্কে স্থায়ীভাবে জমা থাকে। কম্পিউটার অফ করলেও হার্ডডিস্কে জমা থাকা তথ্য মুছে যায় না।

সিডি (Compact Disk)

সিডি কম্পিউটারের ইনপুট ও আউটপুট ডিভাইসের কাজ করে থাকে। ইহার মাধ্যমে ডেটা/ছবি এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে নেয়া যায়।

ডিভিডি (DVD)

ডিভিডি এর পূর্ণ নাম ডিজিটাল ভার্সাটাইল ডিস্ক (Digital Versatile Disk)। সিডির মতো ডিভিডিও কম্পিউটারের একটি ইনপুট/আউটপুট ডিভাইস। তবে সিডির চেয়ে ডিভিডি বেশী ধারণ ক্ষমতা সম্পন্ন।

পেন ড্রাইভ (Pen Drive)

পেন ড্রাইভ (Pen Drive) কম্পিউটারের একটি সহায়ক মেমোরি হিসাবে ব্যবহার করা হয়। পেন ড্রাইভের মাধ্যমে ডেটা, তথ্যাদি, প্রোগ্রাম বা অন্যান্য সফট্ওয়্যার এক কম্পিউটার হতে অন্য কম্পিউটারে স্থানান্তর করা যায়।

মেমোরি (Memory) সম্পর্কে আলোচনা

মেমোরি শব্দের অর্থ হচ্ছে স্মৃতি। কমিউটারের যে অংশে বিভিন্ন তথ্য ও নির্দেশাবলী সংরক্ষণ করে রাখা হয় সেই অংশকে মেমোরি বলে। মেমোরি প্রধানত তিন প্রকার

১. প্রধান মেমোরি (Main Memory/Primary Memory)
২. সহায়ক মেমোরি (Auxiliary Memory/Secondary Memory)
৩. ক্যাশ মেমোরি (Cache Memory)

ছকের মাধ্যমে বিভিন্ন প্রকার মেমোরির শ্রেণী বিভাগ দেখানো হলো ঃ



প্রধান মেমোরি (Main Memory/Primary Memory)

কম্পিউটারের সিপিইউ এর সাথে সংযুক্ত অভ্যন্ড়রিণ মেমোরিকে প্রধান মেমোরি বলে। প্রধান মেমোরি দুই প্রকার

(১) RAM (Random Access Memory)
(২) ROM (Read Only Memory)

র‍্যাম (RAM)

র‍্যাম একটি অস্থায়ী মেমোরি। র‍্যামকে কমিউটারের ওয়ার্ক স্পেস বলা হয়। র‍্যামে যে কোন সময় যে কোন তথ্য লেখা যায়,পড়া যায়, প্রয়োজনে মুছা যায়। কম্পিউটার অফ করলে/বিদ্যুত চলে গেলে সকল ডেটা র‍্যাম থেকে মুছে যায়।

রম (ROM)

রম (ROM) এর পূণ অর্থ হলো Read Only Memory। এই মেমোরিতে তথ্য শুধু পড়া যায় কিন্তু লেখা বা সংশোধন করা যায় না। রম একটি স্থায়ী মেমোরি।

সহায়ক মেমোরি (Auxiliary Memory/Secondary Memory)

কম্পিউটারের যে স্মৃতিতে ডেটা স্থায়ীভাবে রাখা যায় সেই স্মৃতিকে সহায়ক স্মৃতি বলে। এই মেমোরিতে কম্পিউটারের অধিক পরিমান তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করে রাখা যায়। বর্তমানে কম্পিউটারের সংগে বহুল ব্যবহৃত কয়েকটি সহায়ক মেমোরি হ'ল Hard Disk, Floppy Disk, DVD, Pen Drive ইত্যাদি।

ক্যাশ মেমোরি (Cache Memory)

প্রধান মেমোরি কাজের গতি বৃদ্ধির জন্য প্রসেসর ও প্রধান মেমোরি অন্তর্বর্তী স্থানে স্থাপিত বিশেষ ধরনের স্মৃতিকে ক্যাশ মেমোরি বলে। ক্যাশ মেমোরি প্রধান মেমোরি অপেক্ষা দ্রুত গতিতে কাজ করতে পারে। সিপিইউ যে গতিতে করতে পারে প্রধান মেমোরি সেই গতিতে কাজ করতে পারে না। এই অসুবিধার দুর করার জন্য প্রধান মেমোরি ও সিপিইউ এর মাঝে ক্যাশ মেমোরি ব্যবহৃত হয়।

ভারচ্যুয়াল মেমোরি (Virtual Memory)

ভারচ্যুয়াল মেমোরি হলো এমন এক ধরনের সিস্টেম যার সাহায্যে কম্পিউটারের সহায়ক মেমোরির অংশ বিশেষকে প্রধান মেমোরি হিসেবে ব্যবহার করতে পারে। সাধারণত প্রধান মেমোরির ধারন ক্ষমতা সীমিত থাকে। কম্পিউটার যখন প্রধান মেমোরির ধারন ক্ষমতার চেয়ে বেশি কাজ করার প্রয়োজন হয় তখন হার্ডডিস্কের নির্দিষ্ট ফাঁকা অংশকে প্রধান মেমোরি হিসাবে ব্যবহার করতে পারে। এই ব্যবস্থাকে ভারচ্যুয়াল মেমোরি বলা হয়। হার্ডডিস্কের যে অংশটুকুকে প্রধান মেমোরি হিসাবে ব্যবহার করা হবে সেখানে কোন তথ্য সংরক্ষণ করা যাবে না।

অধ্যায়-৩

কম্পিউটারের ইতিহাস

History of Computer

কম্পিউটারের ইতিহাস (History of Computer)

মানুষ প্রথমে নুড়ি, পাথর, ঝিনুক, হাতের আঙ্গুল, দড়ির গিট ইত্যাদির মাধ্যমে গণনা করতো। কালের বিবর্তনে মানুষের চিন্ড্রাশক্তি পবিবর্তনের কারণে ক্রমাগত গবেষণা ও উদ্ভাবনের ফসল হলো কম্পিউটার। কম্পিউটার একটি গণনাকারী যন্ত্র। গণনাকারী যন্ত্র হিসাবে প্রথম অ্যাবাকাস নামক কম্পিউটার চীন দেশে তৈরি করা হয়। তারপর কালের বিবর্তনের পাশাপাশি কম্পিউটার এর ব্যাপক পরিবর্তন সাধিত হয়। আধুনিক কম্পিউটার এর রূপরেখা তৈরি করেন বৃটিশ গণিত বিশারদ চার্লস ব্যাবেজ। তিনি ১৮৩৩ সালে অ্যানালিটিক্যাল নামক গণনা কারক যন্ত্র তৈরির পরিকল্পনা করেন। এই যন্ত্রে যাতে স্মৃতি ধরে রাখা যায় তার পরিকল্পনা করেন। কিন্তু সাংসারিক অভাবের কারণে তার এ প্রচেষ্টা সাফল্য অর্জন করতে পারেন নাই। তবে তার এই পরিকল্পনার উপর ভিত্তি করে তৈরি হয়েছে আজকের আধুনিক কম্পিউটার।



অ্যাবাকাস (Abacus)



এনালাইটিক্যাল ইঞ্জিন (Analytical Engine)

তাই চার্লস ব্যাবেজকে আধুনিক কম্পিউটারের জনক বলা হয়। পরবর্তীতে তার এই পরিকল্পনার উপর গবেষণা চলতে থাকে। লন্ডন থেকে চলি-শ মাইল দূরে বে-চলি পার্কের কোড এন্ড সাইফার স্কুলে শুর হয় দ্র তগতিতে সংকেত লিপির অর্থ উদ্ধারে সক্ষম এমন যন্ত্র উদ্ভাবনের প্রচেষ্টা। টমি ফ্লাউয়ার্স, অ্যালেন টারিং প্রমুখ গবেষকদের অক্লান্ড় পরিশ্রমের ফল হচ্ছে ১৯৪৩ সালে নির্মিত Colossus কম্পিউটার। ভ্যাকুয়াম টিউব দিয়ে নির্মিত এটি হচ্ছে সর্বপ্রথম সম্পূর্ণ ইলেক্ট্রনিক ডিজিটাল কম্পিউটার। অন্যদিকে আটলান্টিক মহাসাগরের ওপারে যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী ক্ষেপনাস্ত্রের পথ পরিমাপের জন্য দ্রুতগতির হিসাব যন্ত্রের প্রয়োজন উপলব্ধি করে। লক্ষ্য স্থানের দূরত্বের উপর নির্ভর করে ক্ষেপনাস্ত্র নিক্ষেপনের কোণ পরিবর্তন করতে হয়। এর জন্য দূরত্বের সংগে কোণের সম্পর্কের সারণী তৈরির প্রয়োজন। মেরীল্যান্ডের



Replacing a bad tube meant checking among ENIAC's 19,000 possibilities.

ব্যালাস্টিক রিসার্চ ল্যাব ১৯৪৩ সালে ইউনির্ভাসিটি অফ প্যানস্যালভিনিয়ার মুর স্কুল অফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এর অধ্যাপক জন মশলী (John Mauchly) এবং তার প্রকৌশলী প্রেসপার ইকার্ট (J. Presper Eckert) কে এই কাজের জন্য নিয়োজিত করে। এই প্রকল্প থেকেই জন্ম নেয় ENIAC (Electrical Numerical Integrator And Calculator) কম্পিউটার। এই ENIAC কম্পিউটার নির্মাণ কাজ শেষ হয় ১৯৪৫ সালের নভেম্বর মাসে। ত্রিশটন ওজনের ENIAC কম্পিউটারটি প্রতি সেকেন্ডে ৫০০০টি যোগ, ৩৫৭টি গুণ করতে সক্ষম ছিল। এক হাজার বর্গফুট জায়গা দখলকারী এই কম্পিউটার চালানোর জন্য ১৩০ থেকে ১৪০ কিলোওয়াট বিদ্যুৎ শক্তির প্রয়োজন হত। ১৯৪৪ সালে আমেরিকার চারজন প্রকৌশলীর সহযোগিতায় Mark-1 নামে একটি স্বয়ংক্রিয় ডিজিটাল কম্পিউটার তৈরি হয়। ইহা ছিল ৫১ ফুট লম্বা এবং ৮ ফুট উচু।

১৯৪৬ সালে কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মরিস উইলকশ EDSAC (Electronic Delay Storage Automatic Computer) নামক স্বয়ংক্রিয় ইকেট্রনিক ডিজিটাল কম্পিউটার প্রস্তুত করেন। রেমিংটন ব্যান্ড নামে কোম্পানী ১৯৫১ সালে ইউনিভ্যাক-১ নামে কম্পিউটার তৈরি করেন। ইহা প্রথম বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত হয়। এই কম্পিউটারে ক্রিস্টাল ডায়োডের সুইচ ও ভ্যাকিউয়াম টিউব সার্কিট ব্যবহার করা হয়। ইহা একই সংগে তথ্য পড়া, গণনা ও লেখার কাজ করতে পারতো। ট্রানজিস্টর আবিস্কৃত হওয়ার পর কম্পিউটার আকারে ছোট হয়ে যেতে শুর“ করে। IC ব্যবহারে কম্পিউটার এর আকার আরো ছোট হতে থাকে।

ইউনিভ্যাক-১ (Univac-1)

কম্পিউটারের সবচেয়ে বড় বিপ-ব ঘটে মাইক্রোপ্রসেসর আবিষ্কারের ফলে। ১৯৭১ সালে সর্বপ্রথম আমেরিকার ইনটেল কোম্পানী মাইক্রোপ্রসেসর তৈরি করে। ইহা আবিষ্কারের ফলে কম্পিউটার একটি বক্সের মত ছোট আকার ধারন করে। তবে কাজের গতি বৃদ্ধি পায়। বর্তমানে বাজারে 3.0 GHz এর অধিক ক্ষমতা সম্পন্ন মাইক্রোপ্রসেসর পাওয়া যায়। এই High Speed প্রসেসর সম্বলিত কম্পিউটারের সাহায্যে দ্র“ত ইন্টারনেট ও নেটওয়ার্কের কাজ অতি সহজে করা যাচ্ছে।

কম্পিউটার প্রজন্ম (Computer Generations)

কম্পিউটার আবিস্কার হওয়ার পর থেকে এর প্রযুক্তিগত উন্নতি, কাজের গতি এবং আকৃতিগত পরিবর্তন বা বিবর্তন ঘটতে থাকে। এই বিবর্তন ও বিকাশের এক একটি ধাপকে প্রজন্ম বলে। কম্পিউটার শিল্পের ক্রমবিকাশের লক্ষে এটি নির্মাণ কাঠামোরূপে কাজ করে। বিবর্তনের অনেকগুলো ধাপ অতিক্রম করে কম্পিউটার আজ বর্তমান অবস্থায় এসেছে। প্রযুক্তিগত উন্নয়ন কম্পিউটারকে উন্নত থেকে উন্নততর করেছে। একটি প্রজন্ম থেকে আর একটি প্রজন্মের পরিবর্তনের সময় সমস্যাগুলোর সমাধান করে নতুন কিছু বৈশিষ্ট্যের সমন্বয় ঘটিয়ে এক একটি প্রজন্মের আত্নপ্রকাশ ঘটানো হয়। তবে নতুন বৈশিষ্ট্যের পাশাপাশি পুরনো বৈশিষ্ট্যগুলো থেকে যায়।

প্রথম প্রজন্মের কম্পিউটার (First Generation Computer) [১৯৪০-১৯৫৬]



প্রথম প্রজন্মের কম্পিউটারে ভ্যাকুয়াম টিউব ব্যবহার করা হত। হাজার হাজার ডায়োড ভাল্ভ, রেজিস্টার, ক্যাপাসিটর ইত্যাদি দিয়ে তৈরি হতো বলে এরা আকারে অনেক বড় ছিল। কয়েকটা ঘর জুড়ে থাকত ঐ সব কম্পিউটার, যা বর্তমানে অকল্পনীয়। চালু অবস্থায়

কম্পিউটার ভীষণ গরম হয়ে যেত। তাই না পুড়ে যাবার জন্য মাঝে মাঝে ঠান্ডা পানি ব্যবহার করতে হতো। এ গুলো ছিল সীমিত তথ্য ধারণ ক্ষমতা সম্পন্ন এবং পরিচালনার জন্যে অত্যাধিক বিদ্যুৎ শক্তি প্রয়োজন হতো। ভালভের কার্যকালও খুব কম। এ কম্পিউটারগুলো ব্যয় বহুল হলেও কম নির্ভরযোগ্য ছিল। কাজের গতি ছিল মন্থর। ১৯৪৩ সালে নির্মিত সর্বপ্রথম সম্পূর্ণ ইলেক্ট্রনিক ডিজিটাল কম্পিউটার হলো ENIAC (Electronic Numerical Integrator and Calculator) কম্পিউটার । ইহা তৈরি করেন ইউনির্ভাসিটি অফ পেনসিলভিনিয়ার মুর স্কুল অফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এর অধ্যাপক জন মউসলী (John Mauchly) এবং তার প্রকৌশলী প্রেসপার ইকার্ট (J. Presper Eckert)। ১৯৪৩ সালে এই কম্পিউটার কাজ শুর“ হয় এবং ১৯৪৫ সালে এই কম্পিউটারের কাজ শেষ হয়। আটলান্টিক মহাসাগরের ওপারে যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী ক্ষেপনাস্ত্রের পথ পরিমাপের জন্য দ্র“তগতির হিসাব যন্ত্রের প্রয়োজন উপলব্ধি করে। লক্ষ্য স্থানের দূরত্বের উপর নির্ভর করে ক্ষেপণাস্ত্র নিক্ষেপণের কোণ পরিবর্তন করতে হয়। এই জন্য ENIAC (Electronic Numerical Integrator and Calculator) কম্পিউটারের জন্ম হয়।
১৯৪৪ সালে আমেরিকার চারজন প্রকৌশলীর সহযোগিতায় Mark-১ নামে একটি স্বয়ংক্রিয় ডিজিটাল কম্পিউটার তৈরি হয়। ইহা ছিল ৫১ ফুট লম্বা এবং ৮ ফুট উচু। ১৯৫৪ সালের শেষে বোস্টনে প্রথম আবির্ভূত হয় IBM-650। এটি ছিল এ প্রজন্মের ব্যাপকভাবে সমাদৃত কম্পিউটার।

প্রথম প্রজন্মের কম্পিউটারের মধ্যে IBM-650, MARK-I, ENIAC, EDVAC EDSAC ইত্যাদি উলে- খযোগ্য। এ সব কম্পিউটারে প্রথমে মেশিনের ভাষায় এবং পরে ১৯৫২-৫৩ সালে অ্যাসেম্বলী ভাষায় প্রোগ্রাম তৈরি করা হয়।

প্রথম প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য

১। ভ্যাকুয়াম টিউব ও বিভিন্ন ধরনের বৈদ্যুতিক বর্তনীর ব্যবহার ।
২। ধীর গতি সম্পন্ন গণনাকারী যন্ত্র।
৩। আকারে অনেক বড় ।
৪। পাঞ্চকার্ডের মাধ্যমে ইনপুট-আউটপুট ব্যবস্থা করা হয়।
৫। মেশিন ভাষার নির্দেশ প্রদান।
৬। মেমরি হিসাবে ম্যাগনেটিক ড্রামের ব্যবহার।

দ্বিতীয় প্রজন্মের কম্পিউটার (Second Generation Computer) [১৯৫৭-১৯৬৩]

১৯৪৮ সালে আমেরিকার বেল ল্যাবরেটরিতে উইলিয়াম শকলি (Wiliam B. Shokly), জন বার্ডিন (John Berdeen) এবং এইচ বৃটেন (H. Bratain) সম্মিলিতভাবে ট্রানজিস্টর তৈরি করেন। এ ট্রানজিস্টর কম্পিউটারের উন্নতিতে বিপ-ব এনে দেয়। এই প্রজন্মের ভ্যাকুয়াম টিউব এর পরিবর্তে ট্রানজিস্টর ব্যবহার করা হত। ট্রানজিস্টর আবিষ্কার হওয়ার পর কম্পিউটার প্রযুক্তির জন্য এক নতুন সম্ভাবনার দ্বার উম্মোচিত হয়। এই প্রজন্মের কম্পিউটার গরম হতো না। ১ম প্রজন্মের কম্পিউটার থেকে ইহা আকারে ছোট এবং কম বিদ্যুৎ খরচ হয়। এই প্রজন্মের কম্পিউটারে প্রথম হাই লেভেল প্রাগ্রামিং ল্যাংগুয়েজের ব্যবহার শুর“ হয়। যেমন ঃ FORTAN (1956), ALGOL (1958), COBOL (1959) । এই প্রজন্মের একটি কম্পিউটার IBM 1620 দিয়ে ১৯৬৪ সালে বাংলাদেশে কম্পিউটার ব্যবহার সূচনা করা হয়। এই কম্পিউটারটি ঢাকার পরমানু শক্তি কেন্দ্রে স্থাপন করা হয়।

উদাহরনঃ IBM-1401,CDC 1604,RCA-301,R আই বি এম-১৬২০ (IBM 1620) Well 200,1600,IBM 1620 ইত্যাদি।

দ্বিতীয় প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য

১। ট্রানজিস্টরের ব্যাবহার শুর“ হয়।

২। ম্যাগনেটিক কোর মেমোরির ব্যবহার ও সহায়ক মেমোরি হিসাবে ম্যাগনেটিক ডিস্কের উদ্ভাবন।

৩। উচ্চগতি সম্পন্ন ও উন্নতমানের ইনপুট-আউটপুট ব্যবস্থার প্রচলন।

৪। মেশিন ভাষার পরিবর্তে উচ্চস্ড়রের ভাষার (যেমন- COBOL, FORTRAN, ALGOL ইত্যাদি) ব্যাবহার।

৫। টেলিফোন লাইন ব্যবহার করে ডেটা প্রেরণের ব্যবস্থা।

৬। অধিক নির্ভরযোগ্যতা।

৭। বাস্ড়বিক ক্ষেত্রে কম্পিউটার ব্যবহারের শুর“।

তৃতীয় প্রজন্মের কম্পিউটার (Third Generation Computer) [১৯৬৪-১৯৭০]



রবার্ট নয়েস (Robert Noyce) ও জ্যাক কিলবি (Jack Kilby) প্রায় একই সময় পৃথকভাবে বড় সার্কিট ক্ষুদ্র করার পদ্ধতি অবিষ্কার করেন। এই পদ্ধতিতে প্রাপ্ত ছোট সার্কিটকে আইসি(IC) বা ইন্টিগ্রেটেড সার্কিট (Integrated Circuit) বলা হয়। এই প্রজন্মের কম্পিউ আই সি (IC) [illegible] ফলে কম্পিউটারের আকার ও দাম কমে যায়। তবে গতি বেড়ে যায়। এই প্রজ[illegible] পায়। এ প্রজন্ম থেকেই কম্পিউটারের সাথে মনিটর ব্যবহার শুর“ হয়। সাথে সাথে কম্পিউটাররে স্মৃতি ব্যবস্থারও উন্নতি ঘটে। ৩য় প্রজন্মের কম্পিউটারে ভাষার উন্নতিতে প্রোগ্রামে দক্ষতা অর্জন সহজতর অপারেটিং সিস্টেম এই প্রজন্মের কম্পিউটারে ব্যবহার করা হয়। এই প্রজন্মের কম্পিউটারে প্রিন্টারের প্রচলন শুরু হয়।

উদাহরনঃ IBM 360, IBM 370, PDP-8, PDP-II ইত্যাদি।

তৃতীয় প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য

১। কম্পিউটারে একীভূত বর্তনীর (IC) প্রচলন।

২। আকৃতিতে ছোট, দাম কম এবং ক্ষমতা বৃদ্ধি।

৩। মুদ্রিত আকারে লাইন প্রিন্টারের ব্যবহার।

৪। আউটপুট হিসেবে ভিডিও ডিসপে- ইউনিটের প্রচলন।

৫। উচ্চতর ভাষার বহুল ব্যবহার।

৬। মিনি কম্পিউটারের উদ্ভব।

৭। অর্ধপরিবাহী স্মৃতির ব্যবহার।

৪র্থ প্রজন্মের কম্পিউটার (Fourth Generation Computer) [১৯৭১-বর্তমান]

১৯৭১ সাল থেকে চতুর্থ প্রজন্ম শুর“ হয়েছে বলে ধরা হয়। LSI (Large Scale Integration) ও VLSI (Very Large Scale Integration) মাইক্রোপ্রসেসর এবং Semi Conductor Memory দিয়ে

এই প্রজন্মের কম্পিউটার তৈরি হয়। VLSI এর মাইক্রোপ্রসেসর নিয়ে গঠিত ছোট কম্পিউটারকে মাইক্রোকম্পিউটার বলে। আমেরিকার জন ব-্যাংকেন বেকার ১৯৭১ সালে কেনব্যাক (Kenbak) নামক প্রথম মাইক্রোকম্পিউটার তৈরি করেন। পরে ১৯৭৭ সালে মাইক্রোকম্পিউটার পূর্ণাঙ্গ র“প লাভ করে। ১৯৮১ সালে আইবিএম কোম্পানী ব্যবসায়িক উদ্দেশ্যে প্রথম মাইক্রোকম্পিউটার তৈরি শুর“ করে। ৪র্থ প্রজন্ম থেকে মাইক্রোকম্পিউটার চালু হয়। ফলে কম্পিউটারের আকার ছোট হয়। তবে কম্পিউটারের গতি অত্যাধিক বেড়ে যায়। এই প্রজন্মে কম্পিউটারের স্মৃতি উদ্ভাবিত হতে থাকে। যেমন ROM

(Read Only Memory), PROM, EPROM. কম্পিউটারে C Programming language এবং DOS, Window, Unix Operating System এই প্রজন্মের কম্পিউটারে ব্যবহার শুরু হয়েছে।
উদাহারন ঃ IBM 3033, IBM 4300, IBM S/36, Sharp PC-1211, Apple II, Pentium 1-4, ইত্যাদি।

চতুর্থ প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য

১। কৃত্রিম বুদ্ধিমত্তার (Artificial Intelligence) ব্যবহার।
২। বহু মাইক্রোপ্রসেসর এবং ইলেকট্রনিক যন্ত্রাংশ বিশিষ্ট একীভূত বর্তনীর ব্যবহার।
৩। ট্রানজিস্টরগুলোতে অপটিক্যাল ফাইবারের ব্যবহার।
৪। উন্নত মেমরির তথা ম্যাগনেটিক বাবল মেমরির ব্যবহার।
৫। মানুষের কণ্ঠস্বরের মাধ্যমে প্রদত্ত নির্দেশের অনুধাবন।
৬। ডেটা ধারণ ক্ষমতার ব্যাপক উন্নতি।
৭। অত্যন্ড় শক্তিশালী ও উচ্চগতি সম্পন্ন মাইক্রোপ্রসেসরের ব্যবহার।
৮। সুপার কম্পিউটারের উন্নয়ন।

পঞ্চম প্রজন্মের কম্পিউটার (Fifth Generation Computer)

এই প্রজন্মের কম্পিউটার ৪র্থ প্রজন্মের কম্পিউটার হতে অধিক শক্তিশালী। Super VLSI (Very Large Scale Integration) চিপ ও অপটিক্যাল ফাইবারের সমন্বয়ে এই প্রজন্মের কম্পিউটার তৈরি। এই ধরনের কম্পিউটারে অত্যন্ড় শক্তিশালী মাইক্রোপ্রসেসর ও প্রচুর পরিমান ডেটা ধারন ক্ষমতা সম্পূর্ণ করার গবেষণা চলছে। বর্তমানে ৪র্থ প্রজন্মের কম্পিউটার ছাড়াও ৫ম প্রজন্মের কম্পিউটার ব্যবহার করা হয়। ৫ম প্রজন্মের কম্পিউটারে মানুষের কণ্ঠস্বর সনাক্ত করার ক্ষমতা ও কণ্ঠে দেয়া নির্দেশ বুঝতে পেরে কাজ করার ক্ষমতা থাকবে। ৫ম প্রজন্মের কম্পিউটারে নেটওয়ার্কিং ব্যবস্থার উন্নতি সাধিত হয়েছে।

পঞ্চম প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য

১। কৃত্রিম বুদ্ধিসম্পন্ন থাকবে।
২। তথ্য ধারন ক্ষমতার ব্যাপক উন্নতি।
৩। অধিক সমৃদ্ধশালী মাইক্রোপ্রসেসর।
৪। স্বয়ংক্রিয় অনুবাদ, গ্রহণযোগ্য শব্দ দিয়ে কম্পিউটারের সাথে সংযোগ।
৫। বিপুল শক্তিসম্পন্ন সুপার কম্পিউটারের উন্নয়ন।
৬। চুম্বক কোর স্মৃতির ব্যবহার।
৭। প্রোগ্রাম সামগ্রীর উন্নতি ইত্যাদি।

কম্পিউটারের বিবর্তন ইতিহাসের উলে- খযোগ্য ঘটনাপঞ্জির কালানুক্রমিক বর্ণনা ঃ

খ্রিষ্টপূর্ব ৩০০০ ঃ	গননা যন্ত্র অ্যাবাকাসের (Abacus) আবিস্কার ।
১৬১২ থেকে ১৬১৪ ঃ	জন নেপিয়ার কর্তৃক লগারিদম আবিস্কার ।
১৬৪২ থেকে ১৬৪৩ ঃ	" প্যাসক্যাল"- প্রথম যান্ত্রিক যোগযন্ত্র (ব্রেইজ প্যাসকেল) আবিস্কার ।
১৮০১ ঃ	বস্ত্রশিল্পে প্রথম পাঞ্চ কার্ডের ব্যবহার (যে কার্ডের তাঁত) ।
১৮২০ ঃ	অ্যারিথোমিটার সর্বপ্রথম বাণিজ্যিক ক্যালকুলেটরের প্রবর্তন (টমাস দ্য কলমার) ।
১৮২২ ঃ	ডিফারেন্স ইঞ্জিনের নকশা (চার্লস ব্যাবেজ) আবিস্কার ।
১৮৩৪ থেকে ১৮৩৫ ঃ	অ্যানালিটিক্যাল ইঞ্জিনের পরিকল্পনা (চার্লস ব্যাবেজ) ।
১৮৩৪ থেকে ১৮৪৩ ঃ	সর্বপ্রথম প্রোগ্রামের ধারণা (অগাষ্টা এডা বায়রন) ।
১৮৫৪ ঃ	প্রতীকি যুক্তির উপর গবেষণামূলক রচনা প্রকাশ (জর্জ বুল)
১৮৮৯ ঃ	আদমশুমারির হিসেবের জন্য পাঞ্চ কার্ড ব্যবহারী হিসাবযন্ত্র (হারম্যান হলিরিথ)

১৮৯৬ ঃ হলিরিথ কর্তৃক টেবুলেটিং মেশিন কোম্পানি (Tabulating Machine Co. গঠন ১৯০৪ থেকে ১৯০৬ ঃ বায়ূশূন্য টিউব বা ভাকুয়াম টিউবের আবিস্কার (জন ফ্লেমিং ও লি দ্য ফরেস্ট)

১৯১১ ঃ ইলেকট্রিক টেবুলেটিং সিস্টেম ও আর ও দুটো কোম্পানি মিলে ক্যালকুলেটিং, টেবুরেটিং এন্ড রেকডিং কোম্পানি বা সংক্ষেপে সিটিআর (CTR) গঠন ।

১৯২৪ঃ সি.টি আর এর নাম ইন্টারন্যাশনাল বিজনেস মেশিনস কর্পোরেশন বা সংক্ষেপে আই. বি এম (IBM) এ পরিবর্তন।

১৯৩৭ ঃ বুলিয়ান বীজগণিত ভিত্তিক বাইনারি সার্কিটের উদ্ভাবন (জর্জ স্টিবিজ) ।

১৯৪৩ থেকে - ENIAC কম্পিউটারের নির্মান কাজ শুরু (মশলী ও ইকার্ট) ।

১৯৪৫ ঃ

১৯৪৪ ঃ Mark I কমিম্পউটার (হাওয়ার্ড আইকেন) এর আবিস্কার ।

১৯৪৭ ঃ বেল ল্যাবরেটরী এ ট্রানজিস্টর আবিস্কার (উলিয়াম শকলি) Mark II । কম্পিউটারের নির্মাণ কাজের সমাপ্তি (হাওয়ার্ড আইকেন) ।

১৯৪৯ ঃ Short Order Code প্রথম উচ্চ পর্যায়ের প্রোগ্রামিং ভাষা (জন মশলী) EDSAC কম্পিউটার (মরিস উইলক্) ।

১৯৫২ ঃ IBM 701 এর প্রবর্তন(আই বি এম)।

১৯৫৩ ঃ IBM 650 সর্বপ্রথম বানিজ্যিক ভিত্তিতে কম্পিউটার তৈরি শুর" হয় (আইবিএম)

১৯৬৫ ঃ PDP-8 ট্রানজিস্টার ভিত্তিক প্রথম মিনিকম্পিউটার(ড্যাক) ।

১৯৭০ ঃ UNIX অপারেটিং সিস্টেমের প্রবর্তান(বেল ল্যাব-এর ডেনিস রিচি ও কেনেথ টমসন)- ফ্লপি ডিস্ক ও ডেইজী হুইল প্রিন্টারের আবির্ভার ।

১৯৭১ ঃ ৪০০৪ নামক প্রথম মাইক্রোপ্রসেসর এর প্রবর্তন (ইন্টেল) ।

১৯৭৭ ঃ বিলগেইটস ও পলঅ্যালেন মিলে মাইক্রোসফট এর প্রতিষ্ঠা ।

১৯৮০ ঃ আই বি এম কর্তৃক অপারেটিং সিস্টেম হিসেবে মাইক্রোসফট এর PC-DOS ব্যবহারের সিদ্ধান্ড় হয় ।

১৯৮১ ঃ PC এর প্রবর্তন (আই বি এম)।

১৯৮২ ঃ Intel ৮০২৮৬-১৬ বিট মাইক্রোপ্রসেসর (ইন্টেল)সর্বপ্রথম আইবিএম কম্পাটিবল (কলম্বিয়া ডেটা প্রোডাক্টস) ।

১৯৮৩ঃ C++ ভাষার প্রবর্তন (এটি এন্ড টি বেল ল্যাবের বিয়ার্ন স্ট্রাউস্ট্রাপ) ।

১৯৮৪ ঃ সিডি রম (সনি ও ফিলিপ্স) এর আবিস্কার ।

১৯৮৫ ঃ মাইক্রোসফট কর্তৃক Windows 1.0 এর আবির্ভাব এবং ৮০৩৮৬ - ৩২ বিট মাইক্রোপ্রসেসর (ইন্টেল) ।

১৯৯০ ঃ Windows –3.0 এর আবির্ভাব (মাইক্রোসফট)-World wide web (WWW) এর বাস্ড়বায়ন (টিম বার্ণারস-লি)।

১৯৯৩ ঃ Intel মাইক্রোপ্রসেসর (ইন্টেল)।

১৯৯৫ ঃ Windows 95 (মাইক্রোসফট), Java ভাষার প্রবর্তন (সান মাইক্রো সিস্টেমস) Toy stoty নামক সর্বপ্রথম সম্পুর্ণভাবে কম্পিউটারে নির্মিত পূর্ণদৈর্ঘ্য ছায়াছবি ।

১৯৯৬ ঃ Intel Pentium Pro মাইক্রোপ্রসেসর (ইন্টেল)।

১৯৯৭ ঃ Intel Pentium mmx মাইক্রোপ্রসেসর (ইন্টেল)।

১৯৯৮ ঃ Windows 98 (মাইক্রোসফট), Intel celeron মাইক্রোপ্রসেসর (ইন্টেল) Imac কম্পিউটার (অ্যাপল) ।

১৯৯৯ ঃ Intel pentium III মাইক্রোপ্রসেসর (ইন্টেল) Intel xeon মাইক্রোপ্রসেসর (ইন্টেল) MicroSoft windows 2000. office 2000

২০০১ ঃ Intel Pentium IV মাইক্রোপ্রসেসর (ইন্টেল) ও Windows XP(মাইক্রোসফট) প্রচলন

২০০৪ ঃ Linux এর জনপ্রিয়তা বৃদ্ধি ।

অধ্যায়-৪

মাইক্রোসফট ওয়ার্ড
Microsoft Word

অধিবেশন-: এম এস অফিসের প্রাথমিক ধারণা এবং এম এস ওয়ার্ড এর প্রার্থমিক কার্যাবলী ও এর ব্যবহার

অধিবেশন প্রত্যাশিত শিখনফল (Intended Outcomes of the Session)

১. প্রশিক্ষণার্থীগণ এমএস অফিসের মৌলিক বিষয়সমূহ সম্পর্কে ধারণা লাভ করবেন ও এটি ব্যবহার করতে সক্ষম হবেন।

অধিবেশনের রূপরেখা

এমএস অফিস ও এম এস ওয়ার্ড এর মৌলিক বিষয়সমূহ সম্পর্কে অংশগ্রহনকারীদের বিদ্যামান ধারণা জেনে তার উপর ভিত্তি করে এম এস ওয়ার্ড এর উপর আলোচনা ও হাতে কলমে অনুশীলন করানো হবে। সবশেষে একটি সংক্ষিপ্ত মূল্যায়ন হবে।

কাজ-১ : এম এস অফিসের প্রার্থমিক ধারণা

মাইক্রোসফট অফিস

মাইক্রোসফট অফিস মাইক্রোসফট উইন্ডোজ এবং অপারেটিং সিষ্টেমের জন্য পারস্পরিক ডেস্কটপ আপ্লিকেশন,সার্ভার ও পরিসেবা এর একটি অফিস প্যাকেজ। যেমন- মাইক্রোসফট এক্সেল, মাইক্রোসফট ওয়ার্ড, মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট ইত্যাদি। এসব এপ্লিকেশন সফটওয়্যার ব্যবহার করে উপস্থাপনা , লেখা. চিঠি এবং ডাটা এন্ট্রি তৈরিসহ বিভিন্ন ধরণের অফিসিয়াল কাজ করা হয়।

মাইক্রোসফট অফিসের বিভিন্ন ভার্সন যেমন: মাইক্রোসফট অফিস ২০১৩, মাইক্রোসফট অফিস ২০১০, মাইক্রোসফট অফিস ২০০৭, মাইক্রোসফট অফিস ২০০৩, মাইক্রোসফট অফিস সার্ভার, মাইক্রোসফট অফিস ২০০১ ইত্যাদি পাওয়া যায় ।

কাজ-২ : এমএস ওয়ার্ড এর ব্যবহার

এমএসওয়ার্ড

মাইক্রোসফট ওয়ার্ড একটি উন্নত মানের ডাটা প্রসেসর প্রোগ্রাম । বিভিন্ন সময়ে os এর বিভিন্ন সংস্কারণের জন্য MS Word এর বিভিন্ন ভার্সন তৈরী করা হয়েছে। বর্তমানে মাইক্রোসফট অফিস ২০১৩, মাইক্রোসফট অফিস ২০১০ ভার্সন বহুল ব্যবহৃত হচ্ছে। এগুলো বর্তমান সময়ে Windows 7, Windows 8 Operating system এ কাজ করে।

মাইক্রোসফট ওয়ার্ড: একটি ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার

মাইক্রোসফট ওয়ার্ড-এর ব্যবহার

মাইক্রোসফট ওয়ার্ড. যেমন অক্ষর, পুস্তিকা, শিক্ষা কার্যক্রম, পরিক্ষা, বাড়ির কাজ বরাদ্দকরণ হিসাব নথি নির্মাণের জন্য প্রার্থমিকভাবে ব্যবহৃত একটি জনপ্রিয় শব্দ প্রক্রিয়াকরণ প্রোগ্রাম। এটি সহজ গবেষণা ও কাজের জন্য করতে মাইক্রোসফট ওয়ার্ড অনেক সহজ।

১. বানান এবং ব্যাকারণ ত্রুটির জন্য দস্তাবেজ চেককরণ

ওয়ার্ড ফাইলটির মধ্যে বিষয়বস্তু টাইপ করার পর কোন শব্দ বা বাক্যের ত্রুটি থাকলে তার উপর কার্সর রেখে মাউস এর ডান বাটনে ক্লিক করলে এক বা একাধিক শব্দ নিয়ে নিচের ডায়ালগ



বক্সটি দেখতে পাবেন (চিত্রে-৬.৭)।

উপরের সঠিক শব্দের উপর () ক্লিক করলে ত্রুটি শব্দের পরিবর্তে এটি প্রতিস্থাপিত হবে।

২. মাইক্রোসফট ওয়ার্ডে হেডার এন্ড ফুডার এবং পেজ নাম্বার insert করণ-

MS Word এর Insert Tab থেকে Header & Footer Group এ গিয়ে পেইজ এর Header & Footer এবং Page number Insert করা যায়। আমরা Page number কে বিভিন্ন Insert করতে পারি। যেমন- Page এর উপরে, নিচে, ডানে, বামে ইত্যাদি। প্রশিক্ষানথীদেরকে হাতে কলমে Insert করার পদ্ধতি শেখাবেন।

৩. ফাইল সিকিউরিটি পাসওয়ার্ড ব্যবহার-

MS Word এর সকল ফাইল মধ্যে বিষয়বস্তু টাইপ করার পরে আপনি পাসওয়ার্ড ব্যবহার করে সকল ফাইলকে রক্ষা করতে পারেন। প্রশিক্ষক হতে কলমে সিকিউরিটি পাসওয়ার্ড করার পদ্ধতি শেখাবেন।

মাইক্রোসফট ওয়ার্ড এর কিছু বিকল্প:

Google Doc: এটা একটি অনলাইন ওয়ার্ড প্রসেসিং সেবা। বিনামূল্যে গুগল এ একাউন্ট করে আপনি সহজেই একটি অফিস-ওয়ার্ড এর মত নথি তৈরি করতে পারেন।

শব্দ এবং অন্যান্য ফরম্যাটের মধ্যে রুপান্তর:

পিডিএফ হিসেবে শব্দ সংরক্ষণ: কখনও কখনও আপনি অন্যান্য ব্যবহারকারীদের সাথে তথ্য ভাগ করে নেওয়ার জন্য সহজে করতে পিডিএফ এ আপনার Word নথি সংরক্ষণ করতে পারতে পারবেন।

মাইক্রোসফট ওয়ার্ড কেমন করে চালু করবেন ?

কম্পিউটার Open করার পরে স্কীন এর নিচে বাম পাশের কর্ণারের Start Button এ Click করতে হবে।

Start > All Programs > Microsoft Office > Microsoft Office Word 2013



চিত্র - MS Word Open করা।



চিত্র- মাইক্রোসফট ওয়ার্ড এর পরিচিতি

*প্রশিক্ষনার্থীদের নতুন ডকুমেন্ট Open করার পদ্ধতি হাতে কলমে শেখাবেন।

Document Save করার পদ্ধতি:

New document open করার পর Microsoft Word Windows এর বাম পাশে উপরের কর্ণারে File Tab এ Click করে browse এ ক্লিক করতে হবে; তাহলে (Save As Dialog Box) দেখা যাবে। এর পর প্রশিক্ষনার্থীদের বিভিন্ন লোকেশনে ও নামে Save করা শেখাবেন ও হতে কলমে অনুশীলন করাবেন।

File > Save > Browse > (Save As Dialog Box দেখা যাবে) >(File Name & Location Select করতে হবে)> Save

এটি নিচের চিত্রের মত দেখাবে।



চিত্র: ৬.১০

এখন প্রশিক্ষনার্থীদের Microsoft Word এর Menu Bar,Tool Bar, Ribbons/Tab, Groups ইত্যাদি সম্পর্কে ধারণা দিবেন এবং এর প্রয়োগও হতে কলমে শেখাবেন।

File, Home, Insert, Picture Format ইত্যাদি।

কোন Text কে যে কোন পরিবর্তন করতে হলে অবশ্যই সেটাকে প্রথমে Select করে নিতে হবে। Mouse দিয়ে কিভাবে Select করতে হয় তা প্রশিক্ষনার্থীদের হতে কলমে শিখাতে হবে।

Text document বিভিন্ন কালার, সাইজ বড়-ছোট, Copy, paste করার পদ্ধতি।

যে Text document কলার করবো সেটাকে প্রথমে সিলেক্ট করে Home Tab এ গিয়ে Font Color এর Down arrow তে ক্লিক করে Color Select করতে হবে। ঠিক একই ভাবে Home Tab এর Font size এর Down arrow তে ক্লিক করে Text এর সাইজ বড়-ছোট করে প্রশিক্ষনার্থীদের হাতে কলমে অনুশীলন করাতে হবে।

Select Text > Home > Font Color এর Down arrow > Select any color



চিত্র : ৬.১১

নিচে Text Format করার কয়েকটি Command দেয়া হল :

Copy and Paste Text:
Select Text > Right Click on the Selected area > Clik on copy put the cursor where you paste the text > right click on cursor > click on paste
Inserting Table :
Insert > Table > Select row & column > click
এটি নিচের চিত্রের (চিত্র : ৬.১২) মত দেখাবে।



চিত্র : ৬.১২

Inserting Picture :

Insert > Picture form Illustrations > select a picture from file > insert
এটি নিচের চিত্রের (চিত্র ৬.১৩) মত দেখাবে।



চিত্র : ৬.১৩

Picture, Clip art Inserting প্রশিক্ষণার্থীদের হতে কলমে শেখাবেন।

অনুশীলন : এম এস ওয়ার্ড এর ব্যবহার অনুশীলন করুন। এম এস অফিস এর ব্যবহার অনুশীলন করুন। একটি Blank Document এ সবাইকে নিজের Information টাইপ করতে বলবেন

অংশগ্রহণকারীদের মূল্যায়ন : অংশগ্রহনকারীদের নিম্নের প্রশ্নমালাটি পূরণ করতে বলুন।

১. এম এস ওয়ার্ড এর কাজ:
১
ক) ডকুমেন্ট লেখা খ) প্রেজেন্টশন করা গ) হিসাব নিকাশ করা।

২. ডকুমেন্ট সেভ এর কাজ :
১
ক) ডকুমেন্ট সংরক্ষণ করা খ) ডকুমেন্ট মুছে ফেলা গ) ডকুমেন্ট Open করা

৩. এম এস অফিস এর তিনটি সুবিধাজনক কাজের নাম লিখুন:
৩
ক) .....
খ) .....
গ) .....

অধিবেশন-: ফোল্ডার ও ফাইল এর ব্যবহার, কপি ও পেষ্টসহ ডকুমেন্ট, ফাইল ইত্যাদি সেভ করা এবং ইংরেজী কী বোর্ড ও ইউনিকোড বাংলা ফন্ট (Nikosh Ban) এর ব্যবহার।

অধিবেশনের প্রত্যাশিত শিখনফল (Intended Outcome of the Session)

১। ফোল্ডার ও ফাইল কী তা বলতে ও পার্থক্য করতে সক্ষম হবেন।
২। কপি ও পেষ্টসহ ডকুমেন্ট ফাইল ইত্যাদি ওপেন ও সেইভ এবং সংরক্ষণ করতে পারবেন।
৩। ইংরেজী কী বোর্ড ও ইউনিকোর্ড বাংলা ফন্ট (Nikosh Ban) টাইপ করার দক্ষতা অর্জন করতে পারবেন।

অধিবেশনের রূপরেখা

ফোল্ডার ও ফাইল সম্পর্কে অংশগ্রহণকারীদের বিদ্যামান ধারণা জেনে তার উপর ভিত্তি করে ফোল্ডার ও ফাইল এর উপর আলোচনা ও হতে কলমে অনুশীলন করানো হবে। কপি ও পেষ্ট ডকুমেন্ট , ফাইল ইত্যাদি এবং ইংরেজি কী বোর্ড ও ইউনিকোড বাংলা ফন্ট (Nikosh Ban) ব্যবহার করে টাইপিং অনুশীলন করানো হবে।

কাজ-১: ফোল্ডার তৈরী করা

কোন ড্রাইভ এ গিয়ে ফাইল থেকে new তে Click করে Folder এ ক্লিক করলে নতুন ফোল্ডার তৈরী হবে। এটি নিচের স্ক্রীনশট এর মত হবে।



চিত্র : নতুন ফোল্ডার তৈরী করা।

কাজ ২ : কপি ও পেষ্টসহ ডকুমেন্ট, ফাইল ইত্যাদি সেভ করা
মাইক্রোসফট ওয়ার্ড ২০১৩ ব্যবহার করে, নির্বাচিত টেক্সট কপি করুন এবং নথি অন্য অংশে পেষ্ট করা যাবে।

টেক্সট কপি এবং পেষ্ট করুন এবং নীচের ধাপগুলোর নির্দেশাবলী অনুসরণ করুন।

ধাপ ১ : একটি বিদ্যামান ওয়ার্ড ফাইলটি খুলুন অথবা একটি নতুন নথি শুরু এবং আপনার টেক্সট টাইপ করুন।
ধাপ ১ : টেক্সট কপি করার জন্য এটি প্রথম মাইস দিয়ে নির্বাচন বা হাইলাইট করা প্রয়োজন হবে।



চিত্র: Copy ও Paste করার পদ্ধতি।

ধাপ-৩: Copy করার জন্য Ctrl কী বোর্ডের এবং তারপর কী বোর্ডের C বর্ণ চাপুন, পেষ্ট করার জন্য Ctrl চেপে ধরে রাখুন এবং তারপর V চাপুন।

কাজ-৩: বাংলা সফটওয়্যার ব্যবহার করে বাংলা শব্দ টাইপিং ও ফরম্যাটিং :

বাংলা সফটওয়্যার ব্যবহার করতে হলে কম্পিউটার এ অবশ্যই বাংলা সফটওয়্যার ইনষ্টল করা থাকতে হবে। সেক্ষেতে অভ্র ও ইউনিকোড বাংলা ফন্ট (NikoshBAN) Install করে নিতে হবে।

এরপর Microsoft Word open করার পরে উপরের ডানপাশে অভ্র এর টুলবার দেখা যাবে । দেখা না গেলে নিচের Command অনুযায়ী ক্লিক করে অথবা F12 চেপে বাংলা আনতে হবে। এখন Home Tab এ Font এর Down arrow তে গিয়ে NikoshBAN এ ক্লিক করে আনবেন এবং প্রশিক্ষনার্থীদের হাতে কলমে অনুশীলন করাবেন।



চিত্র- ৬.১৭

এবার blank ldocument এ ক্লিক করে কার্সর এনে টাইপ শুরু করতে হবে, এক্ষেত্রে অভ্র টুলবারের ৩য় বাটনে ক্লিক করে টাইপের নিয়ম দেখে নিবেন ও প্রশিক্ষণার্থীদের হাতে কলমে অনুশীলন করাবেন।

চিত্র: ৬.১৮

অনুশীলনঃ ফাইল ও ফোল্ডার এর ব্যবহার অনুশীলন করুন। কপি ও পেষ্টসহ ডকুমেন্ট, ফাইল ইত্যাদির ব্যবহার অনুশীলন করুন। ইংরেজী কী বোর্ড ও ইউনিকোড বাংরা ফন্ট (নিকশ বাংলা) ব্যবহার অনুশীলন করুন।

অংশগ্রহনকারীদের মূল্যায়ন: অংশগ্রহনকারীদের নিম্নের প্রশ্নমালাটি পূরণ করতে বলুন। ৫ নম্বর

১. ফোল্ডার এর কাজ কি :
ক) ফাইল সংরক্ষন করা খ) স্ক্রীন প্রিন্ট করা গ) এমএস এক্সেল এর কাজ করা

২. ফাইল এর কাজ :
ক) ফোল্ডার সংরক্ষন করা খ) এম এস ওয়াডের পাওয়ার পয়েন্ট পেইন্ট করা গ) ডকুমেন্টের নাম দেয়া।

৩. কপি এর কাজ কি :
ক) ডকুমেন্ট স্থানান্তর করা খ) লেখা মুছে ফেলা গ) লেখা মুভ করা

৪. পেষ্ট কি:
ক) ডকুমেন্ট স্থানান্তর করা খ) ডকুমেন্ট কাট করা গ) ডকুমেন্ট মুছে ফেলা

৫. ইউনিকোড বাংলা ফন্ট এর কাজ কি:
ক) ইংরেজীতে ডকুমেন্ট প্রস্তুত করা খ) ডকুমেন্ট বাংলায় লেখা গ) ডকুমেন্ট মুছে ফেলা

Microsoft® Word 2010

Quick Reference Card

Quick Access Toolbar Title bar

Minimize Ribbon Close button



The Fundamentals

The **File** tab menu and Backstage view contain commands for working with a program's files, such as Open, Save, Close, New, and Print.



- **To Create a New Document**: Click the **File** tab, click the **New** tab, and click the **Create** button. Or, press **<Ctrl>** + **<N>**.
- **To Open a Document**: Click the **File** tab and click the **Open** button, or press **<Ctrl>** + **<O>**.
- **To Save a Document**: Click the **Save** button on the Quick Access Toolbar, or press **<Ctrl>** + **<S>**.
- **To Save a Document with a Different Name**: Click the **File** tab, click the **Save As** button, and enter a new name for the document.
- **To Preview a Document**: Click the **File** tab and click the **Print** tab, or press **<Ctrl>** + **<P>**.
- **To Print a Document**: Click the **File** tab and click the **Print** tab, or press **<Ctrl>** +**<P>**.
- **To View Advanced Printing Options**: Click the **File** tab and click the Print tab. Select from the options under Settings.
- **To Undo**: Click the **Undo** button on the Quick Access Toolbar, or press **<Ctrl>** + **<Z>**.
- **To Move Text with the Mouse**: Select the text you want to move, drag the text to a new location, and release the mouse button.

- **To Replace Text**: Click the **Replace** button in the Editing group on the Home tab. Or, press **<Ctrl>** + **<H>**.
- **To Close a Document**: Click the **Close** button, or press **<Ctrl>** + **<W>**.
- **To Correct a Spelling Error**: Right-click the error and select a correction from the contextual menu. Or, press **<F7>** to run the Spell Checker.
- **To Use the Thesaurus**: Right-click the word you want to look up and select **Synonyms** from the contextual menu. Select a word or select **Thesaurus** to search the Thesaurus.
- **To Minimize the Ribbon**: Click the **Minimize Ribbon** button on the Ribbon. Or, press **<Ctrl>** + **<F1>**. Or, double-click a tab. Or, right-click a tab and select **Minimize the Ribbon** from the contextual menu.
- **To Change Program Settings**: Click the **File** tab and click the **Options** button.
- **To Get Help**: Press **<F1>** to open the Help window. Type your question and press **<Enter>**.

Navigation:

- **To Open the Navigation Pane**: Click the **Find** button in the Editing group on the Home tab. Or, press **<Ctrl>** + **<F>**.
- **To Search for a Word or Phrase**: Click the **Search** box, type the word or phrase, and press **<Enter>**.
- **To Search for Graphics, Tables, Equations, or Comments**: Click the **Magnifying Glass** and select an option from the list. Click the **Search** box, enter the information you are searching for, and press **<Enter>**.
- **To View Search Results**: Click the **Browse the results from your current search** tab of the Navigation Pane.
- **To View a Document's Headings**: Click the **Browse the headings in your document** tab.
- **To View a Document's Pages**: Click the **Browse the pages in your document** tab.

Editing:

- **To Cut or Copy Text**: Select the text you want to cut or copy and click the **Cut** or **Copy** button in the Clipboard group on the Home tab.
- **To Paste Text**: Place the insertion point where you want to paste and click the **Paste** button in the Clipboard group on the Home tab.
- **To Preview an Item Before Pasting**: Place the insertion point where you want to paste, click the **Paste** button list arrow in the Clipboard group on the Home tab, and select a preview option to view the item.
- **To Insert a Comment**: Select the text where you want to insert a comment and click the **Review** tab on the Ribbon. Click the **New Comment** button in the Comments group. Type a comment, then click outside the comment text
- box.
- **To Delete a Comment**: Select the comment, click the **Review** tab on the
- Ribbon, and click the **Delete Comment** button in the Comments group.

Keyboard Shortcuts

General

Open a Document **<Ctrl> + <O>**
Create New **<Ctrl> + <N>**
Save a Document **<Ctrl> + <S>**
Print a Document **<Ctrl> + <P>**
Close a Document **<Ctrl> + <W>**
Help **<F1>**

Navigation:

Up One Screen **<Page Up>**
Down One Screen **<Page Down>**
Beginning of Line **<Home>**
End of Line **<End>**
Beginning of Document **<Ctrl> + <Home>**
End of Document **<Ctrl> + <End>**
Open the Go To **<F5>**
dialog box

Editing

Cut **<Ctrl> + <X>**
Copy **<Ctrl> + <C>**
Paste **<Ctrl> + <V>**
Undo **<Ctrl> + <Z>**
Redo or Repeat **<Ctrl> + <Y>**

Formatting

Bold **<Ctrl> + <B>**
Italics **<Ctrl> + <I>**
Underline **<Ctrl> + <U>**
Align Left **<Ctrl> + <L>**
Center **<Ctrl> + <E>**
Align Right **<Ctrl> + <R>**
Justify **<Ctrl> + <J>**

Text Selection

To Select: Do This:
A Word Double-click the word
A Sentence Press and hold **<Ctrl>** and click anywhere in the sentence
A Line Click in the selection bar next to the line
A Paragraph Triple-click the paragraph
Everything <Ctrl> + **<A>**

Formatting:

- **To Format Text**: Use the commands in the Font group on the Home tab, or click the **Dialog Box Launcher** in the Font group to open the Font dialog box.
- **To Copy Formatting with the Format Painter**: Select the text with the formatting you want to copy and click the **Format Painter** button in the Clipboard group on the Home tab. Then, select the text you want to apply the copied formatting to.
- **To Indent a Paragraph**: Click the **Increase Indent** button in the Paragraph group on the Home tab.
- **To Decrease an Indent**: Click the **Decrease Indent** button in the Paragraph group on the Home tab.
- **To Create a Bulleted or Numbered List:** Select the paragraphs you want to bullet or number and click the **Bullets** or **Numbering** button in the Paragraph group on the Home tab.
- **To Change Page Orientation**: Click the **Page Layout** tab on the Ribbon, click the **Orientation** button in the Page Setup group, and select an option from the list.
- **To Insert a Header or Footer**: Click the **Insert** tab on the Ribbon and click the **Header** or **Footer** button in the Header & Footer group.
- **To Insert a Manual Page Break**: Click the **Insert** tab on the Ribbon and click the **Page Break** button in the Pages group.

Tables:

- **To Insert a Table**: Click the **Insert** tab on the Ribbon, click the **Table** button in the Tables group, and select **Insert Table** from the menu.
- **To Insert a Column or Row**: Click the **Layout** tab under Table Tools on the Ribbon and use the commands located in the Rows & Columns group.
- **To Delete a Column or Row**: Select the column or row you want to delete, click the **Layout** tab under Table Tools on the Ribbon, click the **Delete** button in the Rows & Columns group, and select an appropriate option from the menu.
- **To Adjust Column Width or Row Height**: Select the column or row you want to adjust, click the **Layout** tab under Table Tools on the Ribbon, and use the commands located in the Cell Size group.

Styles:

- **To Apply a Style**: Select the text to which you want to apply the style and select the style you want to use from the Styles Gallery in the Styles group on the Home tab.
- **To Apply a Document Theme**: Click the **Themes** button in the Themes group on the Page Layout tab of the Ribbon and select a theme.
- **To View All Available Styles**: Click the **Dialog Box Launcher** in the Styles group on the Home tab.
- **To Change a Style Set**: Click the **Change Styles** button in the Styles group on the Home tab and select **Style Set** from the menu. Select the Style Set you wish to use.
- **To Create a Style**: Select the text that contains the formatting of the new style, right-click the text, and select **Styles** from the contextual menu. Select **Save Selection as a New Quick Style** from the contextual menu, enter a name for the style, and click **OK**.
- **To Check Your Styles**: Select the text you wish to check. Click the **Dialog Box Launcher** in the Styles group on the Home tab of the Ribbon. Click the **Style Inspector** button in the Styles task pane.

Drawing and Graphics:

- **To Insert a Clip Art Graphic**: Click the **Insert** tab on the Ribbon and click the **Clip Art** button in the Illustrations group. Type the name of what you're
এক্সেলে দু'ভাবে চার্ট তৈরি করা যায় (১) যে সীটে ডেটা নতুন সীটে চার্ট তৈরি করতে পারি। যখন একই সীটে ডেটা ও চার্ট তৈরি করা হবে তখন দুইটি এক সাথে দেখা যাবে। যখন অন্য সীটে চার্ট তৈরি করা হবে তখন ডেটা ও চার্ট এক সাথে দেখা যাবে না। তবে প্রয়োজনে চার্টে যে কোন পরিবর্তন করা যাবে।

চার্ট দিয়ে কোন তথ্য মালাকে সুন্দরভাবে উপস্থাপনের অনুশীলন

নিম্নের ন্যায় ডেটাগুলো ওয়ার্কসীটে লিখে Chart1 নামে Save করি।

Item's Name	২০০৫	২০০৬	২০০৭	২০০৮
Jute	৫৬	৭৯	৮০	৯০
Leather	৫৫	৬৫	৮৫	৯৫
Tea	৬৬	৭৭	৫৯	৮৭
Garments	৭০	৮০	৯০	৯৬

ডেটাগুলো সিলেক্ট করতে হবে বা ডেটার ভিতরে যে কোন স্থানে কার্সর রাখতে হবে।

Column Chart তৈরি

Insert Menu হতে Chart ক্লিক করলে Chart Box আসবে। Chart Type হিসেবে Column এবং Chart Sub-Type এর নিচের চিত্রগুলো থেকে প্রথম সারির প্রথমটি বা যে কোন একটি সিলেক্ট করি। OK



বাটনে ক্লিক করি।

- রো এবং কলাম অনুযায়ী চার্ট তৈরি করার জন্য Design menu-র Switch Row/Column Click করতে হবে।
- Chart title দেওয়ার জন্য Layout Menu-র Chart title হতে Above Chart Click করে Title লিখতে হবে।
- Axis title দেওয়ার জন্য Layout Menu-র Axis title হতে Primary Horizontal axis title এবং Primary Vertical axis title দিতে হবে।
- Legend দেওয়ার জন্য Layout Menu-র Legend হতে Legend at right Click করতে হবে।
- Data Labels দেওয়ার জন্য Layout Menu-র Data Lables হতে Outside End Click করতে হবে।
- Grid Lines দেওয়ার জন্য Layout Menu-র Grid lines হতে Primary Horizontal gridlines->Minor Gridlines Click করতে হবে।

Pie Chart

নিম্নের ডেটাগুলো ওয়ার্কসীটে টাইপ করে Chart2 নামে Save করি।

Board Name	Percentage of Pass
Dhaka	৮২%
Comilla	৮৮%
Chittagong	৮৪%
Rajshahi	৭৭%
Jessore	৭৫%
Barisal	৮০%
Sylhet	৭৩%
Dinajpur	৭০%
Madrasah	৯০%
Technical	৮৩%

ডেটাগুলো সিলেক্ট করতে হবে বা ডেটার ভিতরে যে কোন স্থানে কারসর রাখতে হবে।

Insert Menu হতে Chart ক্লিক করলে Chart Box আসবে।



- Chart Type হিসেবে Column অথবা Pie এবং Chart Sub-Type এর চিত্রগুলো থেকে Pie Chart এর দ্বিতীয়টি সিলেক্ট করতে হবে।
- OK বাটনে ক্লিক করতে হবে।
- Data Labels দেওয়ার জন্য Layout Menu-র Data Labels হতে Inside End Click করতে



হবে।

অনুশীলনঃ

প্রশিক্ষণার্থীদের মাইক্রোসফট এক্সেল (Microsoft Excel) এর সাহায্যে চার্ট তৈরি করতে দিন।

Practice ... Practice... Practice ... Practice... Practice ... Practice...

মূল্যায়নঃ প্রশিক্ষক অধিবেশন সমাপ্তির পূর্বে এটির উপর প্রশিক্ষণার্থীদের একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করবেন।

পুনরালোচনা ও অধিবেশনের সমাপ্তিঃ

অংশগ্রহণকারীদের মধ্য থেকে এক বা একাধিক জনকে নির্বাচন করে অধিবেশনে কী কী আলোচনা ও কাজ হয়েছে তা উপস্থাপন করতে বলুন। অধিবেশনের সমাপ্তি টানুন।

অধিবেশনঃ মাইক্রোসফট এক্সেল (Microsoft Excel) এর মাধ্যমে পরীক্ষার ফলাফল তৈরি

প্রত্যাশিত শিখনফল

এই অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ---

১। মাইক্রোসফট এক্সেল (Microsoft Excel) এর ওয়ার্কশীটে ডেটা এন্ট্রি করে পরীক্ষার ফলাফল তৈরি করতে পারবেন।

অধিবেশনের রূপরেখা

পরীক্ষার ফলাফল তৈরি করার জন্য ধারাবাহিকভাবে কমান্ডগুলো অনুশীলনের মাধ্যমে অগ্রসর হতে হবে।

অধিবেশনের বিস্তারিত ও ধারাবাহিক বিবরণ

নিচের শর্তসমূহ অংশগ্রহণকারীদের যুক্তি উপলব্ধির মাধ্যমে অনুধাবনে সহায়তা করতে হবে।

Grade বের করার শর্তসমূহ

- একজন ছাত্র যে কোন একটি বিষয়ে ৩৩ এর কম পেলে ফলাফল ফেল হবে
- বিষয় নম্বর ৮০ বা তার বেশি হলে গ্রেড হবে A+
- বিষয় নম্বর ৭০ বা তার বেশি হলে গ্রেড হবে A
- বিষয় নম্বর ৬০ বা তার বেশি হলে গ্রেড হবে A-
- বিষয় নম্বর ৫০ বা তার বেশি হলে গ্রেড হবে B
- বিষয় নম্বর ৪০ বা তার বেশি হলে গ্রেড হবে C
- বিষয় নম্বর ৩৩ বা তার বেশি হলে গ্রেড হবে D
- বিষয় নম্বর ৩৩ এর কম হলে গ্রেড হবে F

Grade Point বের করার শর্তসমূহ

- বিষয় নম্বর ৩৩ এর নিচে হলে গ্রেড পয়েন্ট হবে ০
- বিষয় নম্বর ৩৩ বা তার বেশি এবং ৪০ এর নিচে হলে গ্রেড পয়েন্ট হবে ১
- বিষয় নম্বর ৪০ বা তার বেশি এবং ৫০ এর নিচে হলে গ্রেড পয়েন্ট হবে ২
- বিষয় নম্বর ৫০ বা তার বেশি এবং ৬০ এর নিচে হলে গ্রেড পয়েন্ট হবে ৩
- বিষয় নম্বর ৬০ বা তার বেশি এবং ৭০ এর নিচে হলে গ্রেড পয়েন্ট হবে ৩.৫
- বিষয় নম্বর ৭০ বা তার বেশি এবং ৮০ এর নিচে হলে গ্রেড পয়েন্ট হবে ৪
- বিষয় নম্বর ৮০ বা তার বেশি হলে গ্রেড হবে পয়েন্ট ৫

Total GP বের করার শর্তসমূহ

- কোন বিষয়ে GP=0 হলে Total GP="F" হবে
- সকল বিষয়ের GP- র যোগফল বের করতে হবে
- Total GP বের করার ক্ষেত্রে চতুর্থ বিষয়ে প্রাপ্ত GP হতে ২ বিয়োগ হবে

Total GP বের করার শর্তসমূহ

- Total GP="F" হলে GPA="F" হবে
- Total GP গড়ে ৫ বা ৫ এর বেশি হলে GPA=৫ হবে
- Total GP গড়ে ৫ এর কম হলে Total GP-র গড় Value হবে

	A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M	N	O
1	Name	Bangla	GP	Grade	English	GP	Grade	Math	GP	Grade	4th Sub Marks	4th Sub GP	Grade	Total GP	GPA
2	Robiul	54	3	B	32	0	F	59	3	B	85	5	A+	F	F
3	Saiful	60	3.5	A-	44	2	V	88	5	A+	47	2	C	10.5	3.5
4	Molla	76	4	A	82	5	A+	74	4	A	56	3	B	14	4.67
5	Ripon	87	5	A+	76	4	A	94	5	A+	65	3.5	A-	15.5	5
6	Sabrina	88	5	A+	55	3	B	66	3.5	A-	74	4	A	13.5	4.5
7	Saiful	67	3.5	A-	44	2	C	80	5	A+	49	2	C	10.5	3.5

GP বের করার জন্য C2 সেলে কার্সর রেখে

=IF(B2<33,0,IF(B2<40,1,IF(B2<50,2,IF(B2<60,3,IF(B2<70,3.5,IF(B2<80,4,5))))) সূত্র লিখে এন্টার চাপতে হবে।

- C2 সেলের ফলাফল C7 সেল পর্যন্ত ড্রাগ করতে হবে

  C2 হতে C7 কলাম কপি করে F2, I2, L2 সেলে Paste করতে হবে।

Grade বের করার জন্য D2 সেলে কার্সর রেখে

=IF(B2>=80,"A+",IF(B2>=70,"A",IF(B2>=60,"A-",IF(B2>=50,"B",IF(B2>=40,"C",IF(B2>=33,"D","F")))))) সূত্র লিখে এন্টার চাপতে হবে।

- D2 সেলের ফলাফল D7 সেল পর্যন্ত ড্রাগ করতে হবে

  D2 হতে D7 কলাম কপি করে G2, J2, M2 সেলে Paste করতে হবে।

Total GP বের করার জন্য N2 সেলে কার্সর রেখে

=IF(OR(C2=0,F2=0,12=0),"F",SUM(C2,F2,I2,L2-2)) সূত্র লিখে এন্টার চাপতে হবে।

- N2 সেলের ফলাফল N7 সেল পর্যন্ত ড্রাগ করতে হবে

GPA বের করার জন্য O2 সেলে কার্সর রেখে

=IF(N2="F","F",IF(N2/3>=5,5N2/3)) সূত্র লিখে এন্টার চাপতে হবে।

- O2 সেলের ফলাফল O7 সেল পর্যন্ত ড্রাগ করতে হবে

অনুশীলনঃ

প্রশিক্ষণার্থীদের প্রত্যেককে নবম শ্রেণির একজন শিক্ষার্থীর রেজাল্ট শিট তৈরি করতে বলুন এবং সেটিকে সেভ করতে বলুন।

Practice ... Practice... Practice ... Practice... Practice ... Practice...

মূল্যায়নঃ প্রশিক্ষক অধিবেশন সমাপ্তির পূর্বে এটির উপর প্রশিক্ষণার্থীদের একটি সংক্ষিপ্ত মূল্যায়ন করবেন।

পুনরালোচনা ও অধিবেশনের সমাপ্তিঃ

অংশগ্রহণকারীদের মধ্য থেকে এক বা একাধিক জনকে নির্বাচন করে অধিবেশনে কী কী আলোচনা ও কাজ হয়েছে তা উপস্থাপন করতে বলুন। অধিবেশনের সমাপ্তি টানুন।

অধ্যায়-৯
এডৌবি ফটোশপ
Adobe Photoshop

1. What is Adobe Photoshop? (এডৌবি ফটোশপ কি?) ঃ

Adobe Photoshop (এডৌবি ফটোশপ) হচ্ছে একটি Photo/Picture Editing Software। নিজের মনের মাধুরী মিশ্রিত করে একটি Picture Edit পূর্বক Graphics Design করার জন্য Photoshop এর কোন বিকল্প নেই। ইহা Graphics Software (গ্রাফিক্স সফ্টওয়্যার) নির্মাতা জনন ওয়ারনকের এডৌবি সিস্টেম ইন কর্পোরেট এর শক্তিশালী ইমেজ এডিটিং Graphics Program (গ্রাফিক্স প্রোগ্রাম)। Micro Computer এর অন্তর্গত Personal Computer (PC) এর Operating System (অপারেটিং সিস্টেম), Word Processing Software (ওয়ার্ডপ্রসেসিং সফ্টওয়্যার), Spreadsheet Analysis Software (স্প্রেডসীট এ্যানালাইসিস সফ্টওয়্যার), Database Management System Software (ডেটাবেজ ম্যানেজমেন্ট সিষ্টেম সফ্টওয়্যার), Internet Browsing (ইন্টারনেট ব্রাউজিং) ইত্যাদি Software নির্মাতা হিসাবে বিল গেটসের Mocrosoft (মাইণোসফ্ট) এর আধিপত্য যেমন বিশ্বজোড়া, অন্যদিকে তেমনি Multimedia, Graphics Design ইত্যাদি Graphics Software নির্মাতা হিসাবে Adobe (এডৌবি) ও বর্তমান বিশ্বে শীর্ষস্থান দখল করে রেখেছে। Photo Editing Software হিসাবে বাজার জাত কৃত Adobe Photoshop উৎপত্তির সময় থেকে এযাবৎ অনেকগুলি Version বাজারজাত করেছে। এর সর্বশেষ Version হলো Adobe Photoshop 7.0।

How to use Photoshop in our Work Space (কার্যক্ষেত্রে ফটোশপ এর ব্যবহার)

Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর শক্তিশালী ফীচার ব্যবহার করে ইমেজকে Editing (সংশোধন) করে বিভিন্ন Color ব্যবহার করে আকর্ষনীয় সব Effect দিয়ে কাঙ্খিতরূপে উপস্থাপন করা যায়। এটি হল প্রকাশনা, ওয়েবপেজ, মাল্টিমিডিয়া, এবং অনলাইন গ্রাফিক্স তৈরির জন্য একটি অনন্য Graphics Program (গ্রফিক্স প্রোগ্রাম)। ম্যাকের জন্য তৈরি হলেও পিসিতে এটি সমানভাবে কার্যকর। এক কথায় বলা চলে hoto/Picture Editing সংক্রান্ত এমন কোন কাজ নেই যা Adobe Photoshop এর মাধ্যমে করা যায় না।

Windows (উইন্ডোজ) ঃ আশাকরি Operating System Windows (উইন্ডোজ) সম্পর্কে আপনার ধারনা আছে। Computer Power Suply On করার পর অল্পক্ষনের মধ্যে Operating System Windows (উইন্ডোজ) এর Screen দেখা যায়। তখন আমরা Windows Task Bar এর Start Button দেখতে পাই। যদি আপনি Operating System Windows (উইন্ডোজ) এর সাথে ভালভাবে পরিচিত না থাকেন, তবে আপনার কর্মক্ষেত্রে অনেক রকম সমস্যার সমাধান করতে হবে। তাই Graphics Program (গ্রাফিক্স প্রোগ্রাম) Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর কাজ শুরু করার আগে শিক্ষকের নিকট থেকে Operating System Windows (উইন্ডোজ) সম্পর্কে জেনে নিন। তারপর

- Click on Start Button, Select on Programs
- Click on Adobe PhotoShop 7.0 (তারপর অল্পক্ষন অপেক্ষা করতে হবে)

NB ঃ এছাড়াও বিভিন্ন পদ্ধতিতে Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর Screen Open করা যায়।

Opening (অপেনিং বা এডিটিং) Screen সাধারণত নিম্নাকৃতিতে প্রদর্শিত হবে। Opening (অপেনিং বা এডিটিং) Screen সাধারণত যা যা প্রদর্শিত হয় তার সম্পর্কে সঠিক জ্ঞান থাকা প্রয়োজন। কারন যে Screen মধ্যে আমরা Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর মাধ্যমে Graphics Design (গ্রাফিক্স ডিজাইন) এর কাজ করব সেই Screen সম্পর্কে সুস্পষ্ট ধারনা না থাকলে Graphics Design (গ্রাফিক্স ডিজাইন) এর কাজ করা সম্ভব নহে। তাই এই Screen এর সাথে ভালভাবে পরিচিত হওয়া প্রয়োজন। তাহলে আসুন আমরা নিম্নে অঙ্কিত চিত্রের মাধ্যমে Adobe Photoshop (এডৌবি ফটোশপ) পরিচিত হই:



Opening Screen of Adobe PhotoShop 7.0

এর Screen এর সাথে ভালভাবে পরিচিত হই। মনে রাখবেন Adobe Photoshop (এডোবি ফটোশপ) এর Screen এর সাথে যত ভাল সম্পর্ক থাকবে ততই ভাল ডিজাইন মনের ইচ্ছেমত করতে পারবেন।

টুলবার / টুলবক্স এর পরিচিতি এবং কার্যকারীতা

Title Bar
Menu Bar
Close Button
Maximize / Restore
Minimize Button
Horizontal Rular
Vertical Rular
Palatte (Same)
Horizontal Scroll Bar
Vertical Scroll Bar
Tools Box
Character Palatte
Active Document
Document Close
Document Maximize
Document Minimize
Option Tool Bar
Status Bar
Zoom Indicator

এতক্ষন আমরা Screen পরিচিতি নিয়ে আলোচনা করলাম। আশাকরি এর মাধ্যমে আপনি Adobe Photoshop Screen এর প্রত্যেকটি নামের সাথে পরিচিত হয়েছেন। এই প্রত্যেকটি নামের বর্ণনা জানা নিশ্চয়ই প্রয়োজন। আসুন এ নিয়ে আলোচনা করি।

(1). Title Bar (টাইটেল বার) ঃ আমরা জানি Title শব্দের বাংলা অর্থ হলো উপাধি। যে কোন Package Program (প্যাকেজ প্রোগ্রাম) এর উপাধি অর্থাৎ নাম যে বারের মধ্যে দেওয়া থাকে সেটিই হলো Title Bar (টাইটেল বার)। সহজ ভাষায় Window এর শীর্ষদেশকে বলে Title Bar (টাইটেল বার)। লক্ষ্য করুন উপরোক্ত Window এর শীর্ষদেশে অর্থাৎ উপরে লেখা আছে Adobe Photoshop। এই কথাটি যে Bar (বার) এর মধ্যে লেখা আছে ইহাই Title Bar (টাইটেল বার)।

(2). Menu Bar (মেনু বার) ঃ আমরা জানি Menu শব্দের বাংলা অর্থ তালিকা। লক্ষ্য করুন Window তে File, Edit, ...Help নামক নয়টি শব্দ বিদ্যমান। এগুলোর যে কোনটিতে Click করলে একটি তালিকা দেখা যায়। সুতরাং আমরা বলিতে পারি এগুলো প্রত্যেকটিই এক একটি Menu (মেনু)। আর Menu (মেনু) গুলোর সমষ্টিতে যে লাইন বা বার দেখা যায় তাকে Menu Bar (মেনু বার) বলা হয়।

(3). Close Button ঃ আমরা জানি Close শব্দের অর্থ বন্ধ করা। Adobe Photoshop Window এর উপরে ডান কোনায় Close Button বিদ্যমান। এই Button এর দ্বারা Adobe Photoshop Window বন্ধ করা যায়।

(4). Maximize/Restore Button ঃ Adobe Photoshop Window এর উপরে ডান কোনায় Maximize/Restore Button বিদ্যমান। এই Button এর দ্বারা Window এর Size কে ছোট বড় করা যায়।

(5). Minimize Button ঃ Adobe Photoshop Window এর উপরে ডান কোনায় Minimize Button বিদ্যমান। এই Button এর দ্বারা সম্পূর্ন Window কে ছোট করে Windows Task Bar এ অপেক্ষমান অবস্থায় রাখতে পারি। পরবর্তীতে যখন প্রয়োজন হবে তখন Open করে কাজ করতে পারি।

(6). Ruler (রোলার) ঃ কাজ করার সময় বিভিন্ন প্রকার হিসাব করার প্রয়োজন হয়। কোন কাজের দৈর্ঘ, প্রস্থ ইত্যাদি দেখার জন্য Ruler (রোলার) ব্যবহার করা হয়। কম্পিউটার ব্যবহার করার সময় সর্বক্ষেত্রেই ডানে বামে কোন কিছু বোঝাতে হলে Horizontal এবং উপরে নিচে বোঝাতে হলে Vertical বলা হয়। সুতরাং এক্ষেত্রেও কোন Graphics এর উপরের দিকে বাম দিক থেকে ডান দিকে বিদ্যমান স্কেলটিকে Horizontal Ruler বলা হয়। অপরদিকে কোন Graphics এর বাম দিকে উপর দিক থেকে নিচ দিকে বিদ্যমান স্কেলটিকে Vertical Ruler বলা হয়।

(7). Palette (প্যালেট) ঃ Picture/Graphics কে নানাভাবে রূপায়ন ও উপস্থাপনার জন্য বিভিন্ন Palette (প্যালেট) এর সাহায্য নিতে হয়। প্রোগ্রামের ডিফল্ট সেটিং অনুসারে অনেক সময়ই উইন্ডোতে কোন Palette (প্যালেট) প্রদর্শিত হয় না। প্রয়োজনের প্রেক্ষিতে মেনুবারস্থ উইন্ডো মেনু থেকে সংশিণ্টষ্ট Palette (প্যালেট) কে প্রদর্শন করানো হয়। উপরে অঙ্কিত স্ঙউীন পরিচিতিতে আমরা প্যালেট প্রদর্শিত অবস্থায়ই দেখেছি।

(8). Scroll Bar (স্ঙউাল বার) ঃ কোন Image এর চতুর্দিক দেখার জন্য যে বার ব্যবহার করা হয় তাকে Scroll Bar বলে। কম্পিউটার ব্যবহার করার সময় সর্বক্ষেত্রেই ডানে বামে কোন কিছু বোঝাতে হলে Horizontal এবং উপরে নিচে বোঝাতে হলে Vertical বলা হয়। সুতরাং এক্ষেত্রেও কোন Image এর ডান দিক বা বাম দিক দেখতে হলে নিচের দিকে বিদ্যমান যে বারটি ব্যবহার করা হয় তাকে Horizontal Scroll Bar বলা হয়। অপরদিকে কোন Page এর উপর দিক বা নিচ দিক দেখতে হলে ডান দিকে বিদ্যমান যে বারটি ব্যবহার করা হয় তাকে Vertical Scroll Bar বলা হয়।

(9). Tools Box (টোল বক্স) ঃ Adobe Photoshop এর Window এর মধ্যে বামে বিভিন্ন Tools (টোল) সম্বলিত একটি বক্স দেখা যায়। যার নাম Tools Box (টোল বক্স)। বিভিনড়ব রকমের অবজেক্ট তৈরী, এডিটিং,

উপস্থাপনা, কালার ম্যানেজমেন্ট, ড্রইং ইত্যাদি Adobe Photoshop এর প্রধান প্রধান কাজগুলো করার জন্য এই Tools Box (টোল বক্স) থেকে পর্যাপ্ত সুযোগ সুবিধা অর্জন করা যায়। এই Tools Box এর বিস্ড়রিত ব্যবহার শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

(10). Character Palatte (কারেক্টার প্যালেট) ঃ Type Tool এর মাধ্যমে কোন কিছু লেখার পর লেখাকে ডিজাইন করার জন্য এই Character Palatte Use করা হয়ে থাকে।

(11). Active Document (সচল ডকুমেন্ট) ঃ যে Document টি বর্তমানে সামনে আছে বা যে Document এর মধ্যে বর্তমানে কাজ করা হচ্ছে তাকে Active Document বলা হয়। বিস্ড়রিত শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

(12). Name of Active Window (চলমান উইন্ডো এর নাম) ঃ যে Title Bar (টাইটেল বার) এর মধ্যে কোন Window বর্তমানে চালু আছে উহার নাম দেখা যায় তাকে Name of Active Window বলা হয়। যাকে আমরা File Name হিসাবে ধরে নেই।

(13). Document Close Button (চলমান ডকুমেন্ট বন্ধ করা) ঃ আমরা জানি Close শব্দের অর্থ বন্ধ করা। Adobe Photoshop Active Document এর উপরে ডান কোনায় Document Close Button বিদ্যমান। এই Button এর দ্বারা Active Document Window বন্ধ করা যায়।

(14). Document Maximize/Restore Button ঃ Adobe Photoshop Active Document Window এর উপরে ডান কোনায় Maximize/Restore Button বিদ্যমান। এই Button এর দ্বারা Active Document এর Size কে ছোট বড় করা যায়।

(15). Minimize Button ঃ Adobe Photoshop Active Document Window এর উপরে ডান কোনায় Minimize Button বিদ্যমান। এই Button এর দ্বারা Present Active Window কে ছোট করে Photoshop Screen এ অপেক্ষমান অবস্থায় রাখতে পারি। পরবর্তীতে যখন প্রয়োজন হবে তখন Open করে কাজ করতে পারি।

(16). Option Tool Bar ঃ Menu Bar এর ঠিক নিচে অবস্থিত Tool Bar টির নাম Option Tool Bar। এই Tool Bar এর মধ্যে বিভিনড়ব Icon দেখা যায় কিন্তু Tool Box এর মধ্যে Selected Tool এর বিস্তারিত দেখা যায়।

(17). Status Bar (স্ট্যাটাস বার) ঃ চলমান সময়ে কোন কাজ করা হচ্ছে, কোন টুল ব্যবহৃত হচ্ছে ইত্যাদি তথ্য অবহিত করে এই Status Bar (স্ট্যাটাস বার)। এছাড়াও এই Status Bar (স্ট্যাটাস বার) এর মধ্যে আরো বিভিন্ন তথ্য সম্পর্কে অবগত হওয়া যায়। এটি একটি গুর"ত্বপূর্ন বার। বিস্ড়রিত শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

(18). Zoom Indicator (জুম ইন্ডিকেটর) ঃ চলমান পৃষ্ঠায় কত % জুম বিদ্যমান তাহা এখানে দেখা যায়। Zoom Indicator (জুম ইন্ডিকেটর) Status Bar এর বামে অবস্থিত। এখানে ক্লিক করে নিদ্রিষ্ট জুম % টাইপ করে এন্টার করলে সহজে নিজের ইচ্ছেমত নিদ্রিষ্ট সাইজে পৃষ্ঠা অবলোকন করা যায়।

Adobe Photoshop এর মাধ্যমে গ্রাফিক্স ডিজাইন করার সময় এই Toolbar (টুলবার) / Tool Box (টুলবক্স) এর কাজগুলো খুব ভালভাবে করতে হবে। কারন এই Toolbar (টুলবার) / Tool Box (টুলবক্স) এর কাজগুলো খুব ভালভাবে করতে না পারলে অন্য কোন কাজই করা সম্ভব না। Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর Screen পরিচিতিতে আমরা এই Toolbar (টুলবার) / Tool Box (টুলবক্স) এর সাথে পরিচিত হয়েছি। কিন্তু এই Toolbar (টুলবার) / Tool Box (টুলবক্স) এর অধিনস্থ বিভিন্ন টুলগুলোর মাধ্যমে কি কি কাজ করা যায় এবং কোন টুলের কাজ কি তা আমরা যদি না জানি তাহলে কাজ করব কিভাবে। তাহলে আসুন আমরা নিম্নলিখিত চিত্র ও লেখার মাধ্যমে বিভিন্ন টুলের কাজ সম্পর্কে অবগত হই।

Toolbar (টুলবার) / Tool Box (টুলবক্স) পরিচিতি ঃ



Rectanglar Marquee Tool (M) Move Tool (V)
Lasso Tool (L) Magic Wand Tool (W)
Crop Tool (C) Slice Tool (K)
Healing Brush Tool (J) Brush Tool (B)
Clone/Pattern Stamp Tool (S) History Brush Tool (Y)
Eraser Tool (E) Gradient Tool (G)
Blur Tool (R) Dodge/Born/Sponge Tool (O)
Path Selection Tool A) Horizontal Type Tool (T)
Pen Tool (P) Rectangle Tool (U)
Notes Tool (N) Eyedropper Tool (I)
Hand Tool (H) Zoom Tool (Z)
Set Foreground Color Switch FG & BG Color
Default Foreground & Backgroung Colors (D) Set Background Color
Edit to Standard Mode(Q) Edit to QuickMask Mode (Q)
Standard Screen Mode(F) Full Screen Mode (F)
Full Screen Mode With Menu Bar (F) Jump to Image Ready

এতক্ষন যে আলোচনা করলাম অর্থাৎ যে চিত্রের সাথে ভালভাবে পরিচিত হলাম সেই চিত্রটি Adobe Photoshop (এডৌবি ফটোশপ) প্যাকেজে টুলবার হিসেবে পরিচিত। এটি ফটোশপের প্রোগ্রাম শুরু করলে পর্দার বাম দিকে বিভিনড়ব আইকন বাটন সম্বলিত আয়াতাকার উলম্ব বক্স হিসাবে দেখা যায়। এ বক্সের বিভিন্ন বাটন বা টুল ব্যবহার করে Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর বিভিন্ন কাজ সম্পাদন করা যায়।

Tool Selection (টুল নির্বাচন)

- ✓ Toolbox (টুলবক্স) থেকে নিম্নলিখিত দুটি পদ্ধতিতে টুল নির্বাচন করে কাজ করা যায়। যেমন ঃ
  ১. মাউস দিয়ে ক্লিক করে। এবং ২. শর্টকাট কী কমান্ড দিয়ে।

NB ঃ এক্ষেত্রে সর্বদা মনে রাখতে হবে অনেকগুলো টুলই কিন্তু গ্রুপ টুল, এরকম গ্রুপ টুল থাকলে মাউস পয়েন্টার ক্লিক করলে অন্য টুল দেখা দিবে এবং মাউস টেনে তা নির্বাচন করে কাজ করা যায়। এছাড়াও, Alt কী চেপে ধরে কোন গ্রুপ টুলে ক্লিক্ করলে গ্রুপের অন্য টুল নির্বাচন করা যায়।

টুলবক্স অদৃশ্য / দৃশ্যমান করার নিয়ম

- ✓ কী-বোর্ডের Tab কী চাপলে টুলবক্স অদৃশ্য হয়ে যায়। আবার Tab কী চাপলে তা দৃশ্য হবে।

NB ঃ এক্ষেত্রে সর্বদা মনে রাখতে হবে যে, Tab কী চাপলে টুল বক্স এবং অন্যান্য সব পেলেট পর্দা থেকে অদৃশ্য হয়ে যাবে। কিন্তু Shift কী চেপে তারপর Tab কী চাপলে টুলবক্স ছাড়া বাকি সব উইন্ডোজ / পেলেট অদৃশ্য হয়।

Use Of Tools (বিভিন্ন টুলের ব্যবহার)

ফটোশপে দুই ধরণের টুল রয়েছে যেমন ঃ একক টুল ও গ্রুপ টুল। একক টুলগুলোর নিচের দিকে তীর চিহ্ন নাই এবং গ্রুপ টুলগুলোর নিচে তীর চিহ্ন রয়েছে। একক টুল এবং গ্রুপ টুলগুলোর ব্যবহার নিম্নরূপ। মনে রাখবেন Tools গুলোর ব্যবহার সম্পূর্নরূপে ব্যবহারিক। তাই Sheet কম Follow করে ব্যবহারিক শিক্ষা গ্রহন করুন। কোন Tools এর ব্যবহার জানা না থাকলে ভালভাবে Design করা সম্ভব নয়।

(1). Marquee Tool (M) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিম্নরূপ ঃ

- ✓ Rectangular Marquee ঃ চতুর্ভুর্জাকৃতির সিলেকশন করা যায়।
- ✓ Elliptical Marquee ঃ এটি দিয়ে গোলাকার সিলেকশন করা যায়।
- ✓ Single Column Marquee ঃ এটি দিয়ে এক পিক্সেল প্রশস্থতাবিশিষ্ট কলাম সিলেক্ট করা যায়।
- ✓ Single Row Marquee ঃ এটি দিয়ে এক পিক্সেল প্রশস্থতাবিশিষ্ট রো নির্দিষ্ট করা যায়।

(2). Move Tool (V) ঃ এটি একটি একক টুল। এ টুলটি ব্যবহার করে কোন লেয়ার অবজেক্ট অথবা কোন ইমেজের নির্বাচিত অংশকে ড্র্যাগ করে মুভ করা যায়। ব্যবহার করার পদ্ধতি শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

(3). Lasso Tool (L) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিম্নরূপঃ

- ✓ Lasso Tool ঃ এ টুলটির সাহায্যে ইমেজের কোন অংশকে মুক্তভাবে সিলেক্ট করা যায় ।
- ✓ Polygonal Lasso Tool ঃ এ টুলটির সাহায্যে সোজা ভেঙ্গে ভেঙ্গে সিলেক্ট করা যায়।
- ✓ Magnetic Lasso Tool ঃ এ টুলটির সাহায্যে স্বয়ংক্রিয়ভাবে একই ধরনের পিক্সেল সহজে সিলেক্ট করা যায়।

(4). Magic Wand Tool (W) ঃ এটি একটি একক টুল। এ টুলটি ব্যবহার করে ইমেজের একই ধরনের / অর্থাৎ একই কালারের উপর নির্ভর করে পৃথক পৃথক অংশকে সহজে নির্বাচন করা যায়। Gradient Apply পূর্বক ব্যবহার করে ভালভাবে কাজ করা যায়।

(5). Crop Tool (C) ঃ এটি একটি একক টুল। এ টুলটি ব্যবহার করে ইমেজের নিদ্রিষ্ট কোন অংশকে কেটে আলাদা ভাবে প্রদর্শন করা যায়। ছবির অবাঞ্চিত অংশ মুছে দেয়ার জন্য ব্যবহৃত হয়। ইহা খুবই প্রয়োজনীয়।

(6). Slice Tool (K) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিম্নরূপ ঃ

- Slice Tool ঃ এই টুলটি ব্যবহার করে ছবির বিভিন্ন অংশের হিসাব, পরিমান, ইত্যাদি রাখা যায়। Web Link Work করা যায়।
- Slice Select Tool ঃ Slice তৈরী করার পর ইহা সিলেক্ট করার কাজে ব্যবহার করা যায়।

(7). Healing Brush Tool (J) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Healing Brush Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজের অনুরূপ ইমেজ বা ইমেজের অংশ তৈরী করা যায়। এতে অনুরূপ কপির Color এর সাথে Background Color এর Color Mixing হয়। ব্যবহার পদ্ধতি শিক্ষকের নিকট থেকে জেনে নিন।
- Patch Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজের নির্দ্রিষ্ট অংশ আকাবাকা করে Select করা যায়। Select থাকাকালীন অবস্থায় যে কোন Command Apply করলে শুধুমাত্র Selected অংশের উপরই কার্যকর হয়। ব্যবহার পদ্ধতি শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

(8). Brush Tool (B) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Brush Tool ঃ এ টুলটি নির্বাচন করে মুক্ত ভাবে ড্রয়িং করা যায়। সর্বদা FG Color Apply হবে।
- Pencil Tool ঃ এ টুলটি ব্যবহার করে মুক্তভাবে লেখা যায় এবং এই টুলটি ব্যবহার কারে লাইন আঁকা যায়। সর্বদা FG Color Apply হবে।

(9). Stamp Tool (S) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Clone Stamp Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজের অনুরূপ ইমেজ বা ইমেজের অংশ তৈরী করা যায়। Alt Key ব্যবহার পূর্বক এই Tool এর কাজ করতে হয়।

- Pattern Stamp Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজের যে কোন অংশকে প্যাটার্ন দিয়ে পেইন্ট করা যায়। ইহা খুবই মজার এবং প্রয়োজনীয়। জানা অত্যাবশ্যক।

(10). History Brush Tool (Y) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- History Brush Tool ঃ এ টুলটি ব্যবহার করে হিস্টোরি প্যালেটে ইমেজের নির্বাচিত অবস্থা বা স্ন্যাপশট পেইন্ট করা যায়।
- Art History Brush ঃ এ টুলটি ব্যবহার করে নিদিষ্ট করা হিস্টোরি স্টেট বা স্ন্যাপশটকে Stylized স্ট্রোকে পেইন্ট করা যায়। এর ফলে ইমেজটি Artistic হয়ে যায়। পরবর্তীতে History Brush Tool এর দ্বারা স্বাভাবিক অবস্থায় আনা যায়।

(11). Eraser Tool (E) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Eraser Tool ঃ এ টুলটি ব্যবহার করে কোন লেয়ারের সব ইমেজ অথবা নির্বাচিত অংশের পিক্সেল মুছা যায়।
- Background Eraser Tool ঃ এ টুলটি ব্যবহার করে সহজে ইমেজের ব্যাকগ্রাউন্ড মুছা যায়।
- Magic Eraser Tool ঃ এ টুলটি ব্যবহার করে কোন লেয়ারে ক্লিক্ করলে স্বংয়িভাবে একই ধরনের সব পিক্সেল ট্রান্সপারেন্সিতে মুছে দেয়।

(12). Gradient/ PaintBucket Tool (G) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Gradient Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজ এর উপর Linear Gradient, Radial Gradient, Angle Gradient, Reflected Gradient, Diamond Gradient Create করা যায়।

ꝏ PaintBucket Tool ঃ এ টুলটি নির্বাচন করে ইমেজের সম্পূর্ণ বা নির্বাচিত অংশকে ফোরগ্রাউন্ড কালার দিয়ে পেইন্ট করা যায়। বিভিনড়ব প্রকার Gradient Create করার পর এই কাজটি করলে খুব সুন্দরভাবে Design করা যায়।

(13). Blur / Sharpen / Smudge Tool (R) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

ꝏ Blur Tool ঃ একাধিক Layer তৈরী করার পর এর Boarder Finishing করা যায়।
ꝏ Sharpen Tool ঃ একাধিক Layer তৈরী করার পর এর Boarder/Image এ Sharpen Filter Apply করা যায়। মনে রাখতে হবে ইহা শুধুমাত্র Selected Layer এর উপর কার্যকর হয়।
ꝏ Smudge Tool ঃ একাধিক Layer তৈরী করার পর Layer Color একটি থেকে অন্যটিতে Drag পূর্বক নেয়া যায়।

(14). Douge / Burn / Sponge Tool (O) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

ꝏ Douge Tool ঃ এর মাধ্যমে Selected Layer এর উপর সাদা Lighting Effect দেওয়া যায়।
ꝏ Burn Tool ঃ এর মাধ্যমে Selected Layer এর উপর কালো Lighting Effect দেওয়া যায়।
ꝏ Sponge Tool ঃ এর মাধ্যমে Selected Layer এর উপর সাদা ও স্বাভাবিক Lighting Effect দেওয়া যায়। এই Effect টি অনেকটা Grayscale Mode এর মতো।

(15). Path Selection Tool / Direct Selection Tool (A) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

ꝏ Path Selection Tool ঃ ১৭ নং টুলের সাহায্যে Path তৈরী করার পর এর মাধ্যমে ইমেজের Path Boarder Select করে Mouse দিয়ে স্থানান্তর করা যায়।
ꝏ Direct Selection Tool ঃ ১৭ নং টুলের সাহায্যে Path তৈরী করার পর এর মাধ্যমে ইমেজের Path সরাসরি Select করে Mouse দিয়ে ছোট বড় করা যায়। পরবর্তীতে Select পূর্বক Delete করা যায়।

(16). Type Tool ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

ꝏ উক্ত Group Tool এর মধ্যে চারটি ভিনড়ব ভিনড়ব Tool বিদ্যমান। এগুলোর মাধ্যমে কোন কিছু লিখা যায়। উক্ত টুল গুলো ব্যবহার করে Horizontally & Vertically Type করা যায়। বিভিনড়ব পদ্ধতির লেখা শিক্ষকের নিকট থেকে ভাল করে জেনে নিন।

(17). Pen Tool (P) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

ꝏ Pen Tool ঃ এ টুলটির সাহায্যে বিভিনড়ব আকারের পাথ তৈরি করা যায়।
ꝏ Freeform Pen Tool ঃ এ টুলটির সাহায্যে পেন্সিল দিয়ে কাগজে আঁকার ন্যায় মুক্তভাবে পাথ তৈরি করা যায়।
ꝏ Add Anchor Point Tool ঃ এ টুলটির সাহায্যে পাথে এ্যাংকর পয়েন্ট যুক্ত করা যায়।
ꝏ Delete Anchor Point Tool ঃ এ টুলটির সাহায্যে পাথে এ্যাংকর পয়েন্ট বিযুক্ত করা যায়।
ꝏ Convert Point Tool ঃ এ টুলটির সাহায্যে এক ধরনের এ্যাংকর পয়েন্টকে অন্য ধরনের এ্যাংকর পয়েন্টে কনভার্ট করা যায়।

(18). Rectangle Tool (U) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

ꝏ Rectangle Tool ঃ এ টুলটির সাহায্যে বিভিনড়ব আকারের চতুর্ভুজ তৈরি করা যায়।
ꝏ Round Rectangle Tool ঃ এ টুলটির সাহায্যে বিভিনড়ব আকারের গোলাকার চতুর্ভুজ তৈরি করা যায়।

- Elipse Tool ঃ এ টুলটির সাহায্যে বিভিনড়ব আকারের বৃত্ত তৈরী করা যায়।
- Polygon Tool ঃ এ টুলটির সাহায্যে বিভিনড়ব আকারের পঞ্চভূজ তৈরী করা যায়।
- Line Tool ঃ এ টুলটির সাহায্যে যে কোন রকম লাইন অঙ্কন করা যায়।
- Custom Shape Tool ঃ এ টুলটির সাহায্যে গোলাকার সেইভ তৈরী করা যায়। এছাড়াও Option Tool bar থেকে নিজের মত করে আকর্ষনীয় Design Create করা যায়। ইহা খুবই সুন্দর তাই বিস্তারিত ব্যবহার পদ্ধতি শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

(19). Notes Tool (N) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Notes Tool ঃ এই টুলটির সাহায্যে কোন ইমেজের উপর মন্তব্য করা যায়। পরবর্তীতে Delete করা যায়।
- Audio Annotation Tool ঃ এই টুলটির সাহায্যে কোন ইমেজের উপর ভিত্তি করে কথা বা গান ইত্যাদি রেকর্ড করা যায়।

(20). Eye Dropper Tool (T) ঃ এটি একটি গ্রুপ টুল এ গ্রুপে যা আছে তার বর্ননা নিমড়বরূপ ঃ

- Eye Dropper Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজের কোন অংশে ক্লিক করলে ফোরগ্রাউন্ড হিসাবে ইমেজের ঐ রঙ নির্বাচিত হবে।
- Color Sampler Tool ঃ এ টুলটি ব্যবহার করে ইমেজের কোন অংশে ক্লিক্ করে ঐ অংশের রঙের মোডের বিভিন্ন মাত্রা (%) জানা যায়। যাহা Info Palate এর মধ্যে দৃশ্যমান হয়।
- Masure Tool ঃ এ টুলটি নির্বাচন করে ইমেজের এক প্রান্ড় থেকে ক্লিক্ করে আরেক প্রান্তে নিয়ে দুই প্রান্তের মধ্যকার x, y স্থানকে, কৌণিক দূরত্ব, উচ্চতা এবং প্রশস্ড়তা ইত্যাদি মাপা যায়। যাহা Info Palate এর মধ্যে দৃশ্যমান হয়।

(21). Hand Tool ঃ এ টুলটি ব্যবহার করে কোন ইমেজেকে এর উইন্ডোর ভিতরে মুভ করে বিভিন্ন অংশ প্রদর্শন করা যায়। ছবি ছোট অবস্থায় থাকলে নিস্প্রয়োজন।

(22). Zoom Tool ঃ এ টুল নির্বাচন করে ইমেজে ক্লিক্ করে ইমেজকে জুমইন অর্থাৎ বড় করে প্রদর্শন করা যায়। পূনরায় ছোট করতে হলে Alt Key এর সাহায্য নিতে হয়।

(23). Foreground & Background Color Tool ঃ এগুলো নিু রূপ ঃ

- Foreground Color Tool ঃ এখানে যে রঙ নির্বাচিত থাকে পেইন্ট করলে বা টেক্সট লিখলে লেখার সে রঙের হয়। এ টুল ক্লিক্ করে কালার পিকার থেকে ফোরগ্রাউন্ড কালার নির্বাচন করা যায়।
- Background Color Tool ঃ ফোরগ্রাউন্ড কালার টুলের ন্যায় এ টুলে ক্লিক্ করে রঙ নির্বাচন করা যায়। ইমেজের কোন অংশ কেটে নিলে কাটা অংশ ব্যাকগ্রাউন্ড কালার হয়।

(24). Standard / Quick Mask Mode ঃ এই দুইটি টুলের সাহায্যে কালারের Mode পরিবর্তন করা যায়।

Palette Work (বিভিন্ন প্যালেটের কাজ)

(25). Screen Mode Button ঃ এগুলো নিু রূপ ঃ

- Stander Screen Mode ঃ সাধারণভাবে এ মোডটি ডিফল্ট থাকে।
- Full Screen Mode With Menubar ঃ এ বাটনে ক্লিক করলে ইমেজটি সম্পূর্ণ পর্দা জুড়ে (মেনুবারসহ) প্রদর্শিত হয়।
- Full Screen Mode ঃ এ বাটনে ক্লিক করলে শুধুমাত্র ইমেজটি সম্পূর্ণ পর্দা জুড়ে প্রদর্শিত হয়।

(26). Jump To Image Ready ঃ এই টুলের সাহায্যে Image Ready Program এর মধ্যে প্রবেশ করে এই প্রোগ্রাম থেকে বিভিন্ন রকম সাহায্য নেওয়া যায়। Adobe Photoshop Program জানা থাকলে উক্ত Program এ খুব সহজে কাজ করা যায়।

প্যালেট নিয়ে কাজ করা ঃ

Graphics Design (গ্রাফিক্স ডিজাইন) Adobe Photoshop (এডোবি ফটোশপ) প্যাকেজে বিভিন্ন ধরনের ডকুমেন্ট তৈরীর ক্ষেত্রে ইমেজ এবং টেক্সট সমূহকে সুন্দর ও আকর্ষণীয় ভাবে তৈরীর জন্য প্যালেট সমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কেননা প্যালেট সমূহের সহায়তায় ইমেজ বা টেক্সট সমূহের প্রতিটি অংশকে স্বল্প সময়ে সুন্দর ও আকর্ষণীয় করে উপস্থাপন করা যায়। সাধারণভাবে পর্দায় প্যালেট গুলো প্রদর্শিত হয় না। Window মেনু থেকে প্রয়োজনীয় প্যালেট ক্লিক করে তা প্রদর্শন করা যায়। এই প্যালেট সমুহ নিম্নরূপ।

1. Navigator Palette 2. Info Palette 3. Color Palette
4. Swatch Palette 5. Style Palette. 6. History Palette
7. Actions Palette 8. Tool Presets Palette 9. Layers Palette
10. Channels Palette 11. Paths Palette 12. Brushes Palette
13. Character Palette 14. Paragraph Palette.

- Navigator Palette ঃ নেভিগেটর প্যালেট ব্যবহার করে অ্যাকটিভ ইমেজকে বড়-ছোট করে দেখা যায়।
- Info Palette ঃ এই প্যালেট নির্বাচন করে ইমেজের যে কোন অংশ মাউস পয়েন্ট নিলে রঙের মিশনের মান প্রদর্শিত হবে।
- Color Palette ঃ এ প্যালেট নির্বাচন করে রঙ এর কাজ করা যায়। {F6}
- Swatches Palette ঃ এ প্যালেটটিও নির্বাচন করে রঙ এর কাজ করা যায়। {F4}
- Style Palette ঃ এ প্যালেট নির্বাচন করে বিভিন্ন প্রকার Style Apply করা যায়।
- History palette ঃ বর্তমান ইমেজ ফাইলে যত কাজ করা হয়েছে তার তালিকা প্রদর্শিত হবে। এখানে ডিসিলেক্ট করে ইমেজের উপর কাজকে বাতিল করা যায়।
- Action Palette ঃ এ্যাকশন প্যালেট এ্যাকশন বা কমান্ড সিরিজ সংক্রান্ত কাজ করা যায়।
- Tool Presets Palette ঃ এ প্যালেট নির্বাচন করে Tool Setting এর কাজ করা যায়।
- Layers Palette ঃ এ প্যালেটটি নির্বাচন করে একটিভ ইমেজের লেয়ারসমূহ প্রদর্শিত হবে। যেমনঃ নতুন লেয়ার তৈরি, লেয়ার মুছা, লেয়ার মার্জ করা, লেয়ার মুভ করা, কপি করা ইত্যাদি কাজ করা যায়।
- Channels Palette ঃ এই প্যালেট নির্বাচিত ইমেজের কালার মোড অনুসারে বিভিন্ন রঙ চ্যানেলে প্রদর্শিত হয়। নতুন চ্যানেল তৈরি করা, চ্যানেল মুছা এবং চ্যানেল সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ কাজ করা যায়।
- Paths Palette ঃ পাথ প্যালেটের বিভিনড়ব কমান্ড বাটন এবং মেনু ব্যবহার করে পাথ সংক্রান্ড় বিভিনড়ব কাজ করা যায়।
- Brushes Palette ঃ ব্রাশ নির্বাচন করলে পেইন্টব্রাশ, ইরেজার, পেন্সিল, হিস্টোরি ব্রাশের আকার নির্বাচিত ব্রাশ হবে। {F5}
- Character Palette ঃ Photoshop Package এর মধ্যে সম্পাদিত Image এ Text সংযোজন করার জন্য এই Palette টি ব্যবহার করা হয়।
- Paragraph Palette ঃ Photoshop Package এর মধ্যে সম্পাদিত Image এ Paragraph Setting করার জন্য এই Palette টি ব্যবহার করা হয়।

আশাকরি আপনি উপরে উলেণ্ঢখিত Palette (প্যালেট) গুলোর সাথে ভালভাবে পরিচিত হতে পেরেছেন। উপরোক্ত Palette (প্যালেট) সমুহের মধ্যে অধিকাংশ Palette (প্যালেট) Window মেনুতে বিদ্যমান রয়েছে। কিছু Palette (প্যালেট) অন্যান্য মেনুতেও থাকতে পারে। যে Palette (প্যালেট) যে মেনুতে বিদ্যমান সেই মেনু থেকে ঐ Palette (প্যালেট) Show/Hide (খোলা/বন্ধ) করা যায়। উক্ত Palette (প্যালেট) গুলোর বিস্ড়রিত কাজ পরবর্তীতে শিক্ষকের নিকট থেকে জানতে পারবেন। ইতিমধ্যে অনেকগুলোর কাজ জেনেছেন বলে আমার বিশ্বাস। Palette (প্যালেট) সমূহ Show/Hide (খোলা/বন্ধ), Move (স্থানান্ড়র), Maximize/Minimize (ছোট/বড়), Add/Shaparate (একত্রিত/আলাদা) করা না পারলে শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

Adobe Photoshop 7.0 (এডোবি ফটোশপ ৭.০) Package Program (প্যাকেজ প্রোগ্রাম) এর মধ্যে নয়টি Menu বিদ্যমান। প্রতিটি মেনুর অধীনে অপশনসমূহের উপস্থিতি সম্বলিত মেনুর নাম Pull Down Menu. এই Pull Down Menu ই সমগ্র প্রোগ্রামের পরিচ্ছনড়ব ছবি। অর্থাৎ সংশিণ্টষ্ট প্রোগ্রামে কি কি কাজ করা যায় এবং সংশ্লিষ্ট কাজের জন্য কমান্ড কি তা এক নজরে এই Pull Down Menu তে পাওয়া যায়। নিম্নোক্ত আলোচনাতে অবগত হতে পারবো Adobe Photoshop 7.0 (এডোবি ফটোশপ ৭.০) মেনুসমূহের পরিচিতি এবং কোন কাজের জন্য কি কমান্ড। একজন কম্পিউটার ব্যবহারকারীর কাছে যে কোন Package Program (প্যাকেজ প্রোগ্রাম) এর Pull Down Menu থেকে কমান্ড জেনে নিয়ে সংশিণ্টষ্ট Package Program (প্যাকেজ প্রোগ্রাম) এ কাজ করা মোটেও অসম্ভব হতে পারে না। তবে প্রতিটি Menu (মেনু) এর অধিনস্থ Sub Menu সমূহের পরিচিতি বা কার্যকারিতা সম্পর্কে সম্যক ধারনা অর্জন করা অত্যাবশ্যক। এতদুদ্দেশ্যে এই অধ্যায়ের অবতারনা। Adobe Photoshop 7.0 (এডোবি ফটোশপ ৭.০) এর Editting Window তে অবস্থানকালে যে কোন সময়ে যে কোন Menu (মেনু) Open করা যায়।

File Menu

1. To Create a New Image (নতুন একটি ইমেজ তৈরী করা)

- File Click
- New Click করলে New Dialog Box আসবে তখন Name, Image Size, Resolution, Mode, Contents Box এর সবকিছু Select করে
- Ok Click করলে পছন্দমত নতুন একটি Image Create হবে।

Or ঃ Keyboard Key {Ctrl + N} Press করলে New Dialog Box আসবে। পরবর্তীতে উক্ত কাজগুলো একই পদ্ধতিতে করতে হবে।

2. To Open a Image/Picture (একটি ইমেজ/ছবি খোলা) ঃ

- File Click
- Open Click করলে Open Dialog Box আসবে। এখানে Files of Type এর স্থলে Any Picture Format সিলেক্ট করতে হবে। ফলে ফোল্ডারে সংরক্ষিত Image/Picture File সমূহ দেখা যাবে। তখন যে File টি Open করতে চাই সেই File টি Select করে বা File Name Box এ File এর নামটি লিখে
- Open Click করলেই Select কৃত Image/Picture File টি Open হয়ে প্রদর্শিত হবে।

Or ঃ Keyboard Key {Ctrl + O} Press করলে Open Dialog Box আসবে। পরবর্তীতে একই পদ্ধতিতে করতে হবে।

3. To Browse a Image/Picture (খুজে ইমেজ/ছবি খোলা)ঃ

- কোন Image/Picture কে Hard Disk থেকে খুজে দ্রুতগতিতে বাছাইপূর্বক Open করার জন্য Browse Sub Menu টি ব্যবহার করা হয়।

4. To Open As a Special Image/Picture (একটি বিশেষ ইমেজ/ছবি খোলা) ঃ

- Image/Picture এর মধ্যে এমন কিছু Format/Mode আছে যেগুলো Open এর মাধ্যমে খোলা যায় না। সেই Format / Mode এর Image/Picture কে Open করার জন্য Open As Sub Menu টি ব্যবহার করা হয়ে থাকে। অর্থাৎ যে কোন Mode এর Image/Picture খোলার জন্য ইহা ব্যবহার করা হয়ে থাকে।

5. To Open Recent Image/Picture (সর্বশেষ কাজ করা ইমেজ/ছবি খোলা) ঃ

- Adobe Photoshop এর মধ্যে কাজ করার সময় সর্বশেষ কাজ করা হয়েছে এরূপ দশটি Picture/Image Location, Open Recent Sub Menu তে দেখা যায়। পরবর্তীতে পূনরায় Open করার জন্য Open/Open As Use না করে Open Recent Sub Menu থেকে Open করা যায়।

6. To Close The Image/Picture (ইমেজ/ছবি বন্ধ করা) t

- কোন Image/Picture Open (খোলা) থাকাবস্থায়
- File Click
- CLose Click করলে Open কৃত Image/Picture বন্ধ হয়ে যাবে। তবে যদি ফাইলের মধ্যে তৈরীকৃত কোন অংশ অসংরক্ষিত থাকে তবে Adobe Photoshop Dialog Box আসবে। তখন No Click করলে Image/Picture টি অসংরক্ষিত অবস্থাতেই বন্ধ হবে। অপরদিকে Yes Click করলে Image/Picture টির অসংরক্ষিন অংশ সংরক্ষিত হয়ে বন্ধ হবে।

Or ঃ Keyboard Key {Ctrl+W} Press করলে Open কৃত Image/Picture বন্ধ হয়ে যাবে। পরবর্তীতে উক্ত কাজগুলো একই পদ্ধতিতে করতে হবে।

7. To Save The Image/Picture (ইমেজ/ছবি সংরক্ষন করা) ঃ

- কোন Image/Picture Open & Editing থাকাবস্থায়
- File Click
- Save Click করলেই Last Editing অবস্থায় সংরক্ষিত হবে।

Or ঃ Keyboard Key {Ctrl+S} Press করলেই Last Editing অবস্থায় সংরক্ষিত হবে।

8. Save As (সংরক্ষিত ছবি অন্য কোন নামে সংরক্ষন করা) ঃ

- সংরক্ষিত যে ছবি/ইমেজটি অন্য কোন নামে পূনরায় সংরক্ষন করতে চাই সেই ছবি/ইমেজ টি Open করে
- File Click, Save As Click করলে Save as Dialog Box আসবে তখন একটি নাম লিখে

➢ Save Click, Ok Click করতে হবে। Or ঃ Keyboard Key { Shift + Ctrl +S} Press করলে সাথে সাথে Save As Dialog Box টি চলে আসবে। পরবর্তীতে উক্ত কাজগুলো একই পদ্ধতিতে করতে হবে।

9. Save for Web (ফাইলকে ওয়েব সাইডে সংরক্ষন করা) ঃ

➢ কোন ফাইলকে ওয়েব সাইডে সংরক্ষন করার জন্য এই Sub Menu টির সাহায্য নিতে হয়। বিষয়টি না বুঝলে বা কঠিন মনে হলে শিক্ষকের নিকট থেকে বিস্তারিত জেনে নিন। এর জন্য Keyboard Key {Alt + Shift + Ctrl +S}.

10. To Revert The Image/Picture (ইমেজ/ছবির সর্বশেষ সংরক্ষিত অবস্থায় যাওয়া) ঃ

➢ Adobe Photoshop এর মাধ্যমে Design করার সময়, কোন Image/Picture Editing করার পর যদি কখনও মনে হয় কাজটি করা ঠিক হয়নি ঠিক তখনই সাথে সাথে সর্বশেষ সংরক্ষিত অবস্থায় দ্রুতগতিতে চলে যাওয়ার জন্য এই Sub Menu টি ব্যবহার করা হয়।

11. To Place a File From Illustrator (ইলাষ্ট্রেটর থেকে ইমেজ স্থাপন করা) ঃ

➢ Adobe Illustrator Program এর দ্বারা তৈরী করা *.AI, *.EPS, *.PDF, *.PDP Format এর File কে কাজের চাহিদার উপর ভিত্তি করে Adobe Photoshop Program এ নিয়ে আসার জন্য Place Sub Menu টি ব্যবহার করা হয়ে থাকে।

12. To Import Image/Picture (ইমেজ/ছবি আমদানী করা) ঃ

➢ Adobe Illustrator এবং বিভিনড়ব Graphics Package Program এ তৈরী করা File সহ Scanner, Camera or Another Device থেকে Image/Picture Import (আমদানী) করার জন্য উক্ত Sub Menu টি ব্যবহার করা হয়ে থাকে।

13. To Export Paths to Illustrator (ইলাষ্ট্রেটরে প্যাত রপ্তানী করা) ঃ

➢ Adobe Photoshop Program এর দ্বারা তৈরী করা প্যাতকে কাজের চাহিদার উপর ভিত্তি করে Adobe Illustrator Program এ রপ্তানী করার জন্য উক্ত Sub Menu টি ব্যবহার করা হয়ে থাকে। এছাড়াও চলমান Image/Picture টির Size, Mode, Quality ইত্যাদি পরিবর্তন করার জন্য Export এর অধিনস্থ ZoomView Sub Menu টি ব্যবহার করা হয়ে থাকে।

১৪. **To Use Workgroup on Web Page** (ওয়েব পেইজের জন্য ওয়ার্কগ্রুপ করা) ঃ

➢ কোন একটি ছবিকে ওয়েব পেইজ উপযোগী করে তৈরী করার পর, খুব দ্রুতগতিতে Web Link করে তৈরীকৃত ছবিটিকে ওয়েব পেইজে সংযুক্ত করার জন্য Workgroup Sub Menu Use করা হয়ে থাকে।

15. Automate () ঃ
Transform এর ব্যবহার বহুবিধ ঃ
Free Transform ঃ

ইমেজে কাজ করার সময় নিদিষ্ট কোন ইমেজকে বিভিন্ন এ্যাঙ্গেলে স্থাপন করার প্রয়োজন হয়। এছাড়া ব্যবহারকারীর প্রয়োজনানুযায়ী উক্ত ইমেজ সমুহ বিভিন্ন এ্যাঙ্গেলে স্থাপন, এর আকার হ্রাস-বৃদ্ধি করণ ইত্যাদি কার্যাবলী করতে Free Transform অপশনটি ব্যবহার করা হয়।

প্রয়োগ ঃ

- ইমেজের যে লেয়ারকে প্রয়োজনমতো এ্যাঙ্গেলে স্থাপন করবো সে লেয়ারটি নির্ধারণ করতে হবে
- Edit মেনু থেকে Free Transform অপশনটি নির্ধারণ করতে হবে
- এবার মাউস পয়েন্ট দ্বারা নির্বাচিত ইমেজটি প্রয়োজনীয় এ্যাঙ্গেলে স্থাপন করতে পারবো।

Sacle অপশনের ব্যবহার ঃ

ইমেজে কাজ সমূহ নিদিষ্ট পরিমাপে হ্রাস-বৃদ্ধি করতে এই অপশনটি কার্যকর।

প্রয়োগ ঃ

- যে লেয়ারটি হ্রাস-বৃদ্ধি করবো তা সিলেক্ট করতে হবে।
- Marquee Tool এর সহায়তায় উত্তোলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ নির্ধারণ করতে হবে।
- Edit মেনু থেকে Transform > Scale অপশনটি নির্বাচন করতে হবে।
- এখন মাউস পয়েন্ট দিয়ে আমরা প্রয়োজন মত নির্ধারিত অংশটুকু হ্রাস-বৃদ্ধি করতে পারবো।

Rotate অপশনের ব্যবহার ঃ

সাধারণভাবে তথ্য সমূহে বিভিনড়ব এ্যাঙ্গেলে সজ্জিত করার জন্যে বিভিন্ন (৯০০, ১৮০০ ইত্যাদি) ডিগ্রীতে সজ্জিত করা হয়। Rotate কমান্ডটির সহায়তায় তথ্য সমূহ প্রয়োজনীয় এ্যাঙ্গেলে সজ্জিত করা যায়।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Rotate করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ সিলেক্ট করতে হবে।
- Click on Edite > Select on Transform > Click on Rotate.
- এখন নির্বাচিত অংশটুকু মাউস পয়েন্ট দ্বারা নিদিষ্ট এ্যাঙ্গেলে সজ্জিত করা যাবে ।

Skew অপশনের ব্যবহার ঃ

ইমেজকে বিভিনড়ব আকৃতিতে উপস্থাপনের জন্য Skew অপশনটি ব্যবহার করা হয়।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Skew করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ সিলেক্ট করতে হবে।
- Click on Edit > Select on Transform > Click on Skew.
- এখন নির্বাচিত অংশটুকু মাউস পয়েন্ট দ্বারা নিদিষ্ট এ্যাঙ্গেলে সজ্জিত করা যাবে ।

Distoer অপশনের ব্যাবহার ঃ

ইমেজ সমূহ বিভিনড়ব আকৃতিতে সজ্জিত করতে Distoer অপশনের ভুমিকা খুবই ফলদায়ক।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Distoer করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ সিলেক্ট করতে হবে।
- Click on Edite > Select on Transform > Click on Distoer.
- এখন নির্বাচিত অংশটুকু মাউস পয়েন্ট দ্বারা নিদিষ্ট এ্যাঙ্গেলে Distoer করা যাবে ।

Perspectove অপশনের ব্যাবহার ঃ

ইমেজ সমূহ বিভিন্ন আকৃতিতে সজ্জিত করতে Perspectove অপশনের ভুমিকা খুবই ফলদায়ক।

প্রয়োগ ঃ

- উত্তোলিত ইমেজের যে অংশ বা অংশসমূহ Perspectove করা প্রয়োজন সে লেয়ারটি সচল করতে হবে।
- Marquee Tool এর সহায়তা উত্তেলিত লেয়ারের প্রয়োজনীয় অংশ বা অংশসমূহ Block/Select (সিলেক্ট) করতে হবে।

- Click on Edite > Select on Transform > Click on Perspectove.
- এখন নির্বাচিত অংশটুকু Mouse Pointer (মাউস পয়েন্টার) দ্বারা ভিন্ন আকৃতিতে Perspectove করা যাবে।

Note ঃ এভাবে একাধিক লেয়ার তৈরি করে কাজ করা যায়

Adobe PhotoShop প্যাকেজে লেয়ার একটি অতিব প্রয়োজনীয় বিষয়। বিভিন্ন ধরনের ইমেজ তৈরির ক্ষেত্রে তৈরিকৃত ইমেজ সমূহের বিভিন্ন অংশ একএকটি লেয়ারে সংরক্ষিত থাকে। ফলে তৈরিকৃত ইমেজের প্রয়োজনীয় অংশটি নিয়ে কাজ করা সহজ হয়। এমন কি প্রয়োজন বোধে কেটে বাদ দেয়া যায়।

To Create New Layer (নতুন লেয়ার তৈরী) ঃ

ডকুমেন্টে কাজ করার ক্ষেত্রে নতুন কোন তথ্য উত্তোলন করা হলে উত্তোলিত তথ্য সমূহ নতুন একটি লেয়ারে উত্তোলিত হয়। পরবর্তীতে নিদিষ্ট লেয়ারের মাধ্যমে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করতে হয়। অবশ্য ডকুমেন্টে একাধিকবার টেক্স সংযোজন করা হলে প্রতিবারই একটি করে লেয়ার তৈরি হয়। এছাড়াও নতুন লেয়ার তেরি করে উক্ত লেয়ারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করতে হয়।

প্রয়োগ পদ্ধতি ঃ

- যে ডকুমেন্টে নতুন লেয়ার তৈরি করা প্রয়োজন সে ডকুমেন্টটিতে অবস্থান করতে হবে ;
- Click on Layer > Select on new > Click on Layer (New Layer Dialogue Box টি আসবে) Box টি এরকম ঃ
- Name ঃ এর স্থলে নতুন লেয়ারের নাম টাইপ করতে হবে।
- Opacity ঃ অপশনের মাধ্যমে লেয়ারের ঘনত্ব নির্ধারণ করতে হবে।
- Mode ঃ এর Drop-down box থেকে তৈরিকৃত লেয়ারটির মোড নির্ধারণ করতে হবে।
- প্রয়োজনীয় কার্যাবলী শেষে Ok button Click করতে হবে।

To See Layer (লেয়ার প্রদর্শন করা) ঃ

কোন ইমেজকে ওপেন করলে সধারণত সব লেয়ারই প্রদর্শিত হয়। কোন লেয়ার যদি প্রদর্শিত না হয় তবে লেয়ার উইন্ডোতে উক্ত লেয়ারের নামের শেষ বাম প্রান্তে পিকচার বারে ক্লিক করে চোখ প্রদর্শন করলে লেয়ারটি প্রদর্শন হবে।

To Hide Layer (লেয়ার লুকানো) ঃ

কোন লেয়ারকে অপ্রদর্শন করতে চাইলে অর্থাৎ লুকাতে চাইলে লেয়ার উইন্ডোতে উক্ত লেয়ারের নামের শেষে চোখ পিকচার বাক্সে ক্লিক করে চোখটি অপ্রদর্শন করলে লেয়ারটি অপদর্শিত হবে।

লেয়ার অপশন (Layer Options) ঃ

লেয়ার সংশ্লান্ড় বিভিন্ন বিষয় নিদিষ্ট করতে হলে লেয়ার অপশন ডায়লগ বক্স প্রদর্শন করে তাতে নির্ধারণ করতে হয়। কোন লেয়ারের অপশন নিধারণ করতে হলে সেই লেয়ারে ডাবল ক্লিক করতে হবে অথবা সর্বডানে বাটনে ক্লিক্ করে প্রদর্শিত মেনু থেকে Layer Options এ ক্লিক্ করে বা Layer মেনু থেকে Layer Options ক্লিক করে তা করা যায়।

লেয়ার মুছা ঃ

কোন ইমেজ ফাইলের অপ্রয়োজনীয় লেয়ার মুছতে হলে নিম্ক্তো কার্যাবলী অবলম্বন করতে হবে ঃ

- যে ফাইলের লেয়ার মুছা দরকার সেই ফাইলে অবস্থান করতে হবে ;
- লেয়ার উইন্ডো (Layer Window) এর উপর সর্বডানে এই বাটনে ক্লিক করে প্রদর্শিত মেনুর Delete Layer অপশনটি নির্বাচন করতে হবে অথবা, Layer > Delete Layer নির্দেশ দিতে হবে অথবা, লেয়ার উইন্ডো (Layer Window) এর নিচে ডান দিকে Delete Current Layer বাটনে Click (ক্লিক) করতে হবে।

To Create Duplicate Layer (ডুপিণ্ঢকেট লেয়ার তৈরি করা) ঃ

কাজের সুবিধার্থে মূল লেয়ার অক্ষত রেখে অন্য একটি Duplicate Layer (ডুপিণ্ঢকেট লেয়ার) সহজে তৈরি করা যায়।

- যে লেয়ারটির ডুপিণ্ঢকেট তৈরি করবো সে লেয়ারটি নির্বাচন করতে হবে ;
- লেয়ার পেণ্ঢট মেনু থেকে Duplicate Layer অপশনটি নির্বাচন করবো ;

অথবা, Layer > Duplicate Layer নির্দেশ দিতে হবে। তখন পর্দায় আসবে ঃ

As ঃ টেক্স বক্সে ডুপিণ্ঢকেট লেয়ারের নাম এবং Documnet এ লেয়ারের Destination নিদিষ্ট করতে হবে। Ok করতে হবে। এভাবে ডুপিণ্ঢকেট লেয়ার তৈরি হবে।

Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর লেয়ার এফেক্টের ব্যবহার খুবই গুর"ত্বপূর্ণ। বিভিনড়ব এফেক্ট নির্বাচন করে লেয়ারের ইমেজকে সুন্দর ভাবে প্রদর্শন করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- যে লেয়ার এফেক্ট করা হবে সে লেয়ার নির্বাচন করতে হবে।
-
-

Layer Effects

View দেখা

+

- Click on Layer > Select on Layer Style ফলে Style লিস্ট আসবে, তখন এখান থেকে আমরা যে কোন Style নিয়ে কাজ করতে পারি।

Graphics Design Program Adobe Photoshop (এডৌবি ফটোশপ) এর Preview নিয়ে অনেক কাজ করা যায়। তবে এ ক্ষেত্রে অন্যান্য প্রোগ্রামের থেকে ভিন্নতর কাজ করে। নিম্নে কয়েকটি Point নিয়ে আলোচনা করা গেল ঃ

New View ঃ এই অপশনটি নিলে একাধিক উইন্ডোতে একই ইমেজ ফাইল ভিউ করে।

প্রয়োগ বিধি ঃ

- Click on View > Click on New View ফলে নতুন উইন্ডো চলে আসবে মনে হবে যেন কপি হয়েছে।

Preview ঃ এই অপশনটি নিলে ইমেজ ফাইলের যে চারটি রঙের ভিত্তি যেমন- CMYK ঃ Cyan, Magenta, Yellow, Black) আউটপুট হয়ে থাকে। ইমেজ যদি CMYK মোডে না হয়ে অন্য মোডে (যেমন ঃ RGB) হয় তাহলে CMYK এর বিভিনড়ব রঙে ইমেজটির অবস্থা কি রকম হবে তা দেখার জন্য অর্থাৎ প্রদর্শন বা প্রিভিউ করা যায়।

- Click on View > Click on Preview ফলে একটি মেনু দেখা দিবে। এখান থেকে বিভিন্ন অপশন নিয়ে আমরা কাজ করবো।

Zoom In ঃ কাজের সুবিধার্থে ইমেজকে প্রয়োজনে বড় করা হয়। Zoom In দিয়ে ১৬০০% পর্যন্ত বড় করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- যে ইমেজে কাজ করবো সেটি সচল করতে হবে ;
- Clic on View > Click on Zoom In

অথবা, Ctrl +

অথবা, টুল বক্সে Zoom Tool নির্বাচন করে এই কাজ সমাধান করা যায়।

Ruler প্রদর্শণ/অপ্রদর্শণ

Zoom Out ঃ

Zoom In এর বিপরীত হল Zoom Out। এই অপশন দিয়ে ইমেজকে ইচ্ছে মত ছোট করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- যে ইমেজে কাজ করবো সেটি সচল করতে হবে ;
- Clic on View > Click on Zoom Out

অথবা, Ctrl +

অথবা, টুল বক্সে Alt কী চেপে Zoom Tool নির্বাচন করে এই কাজ করা যায়।

Fit on Screen ঃ

মনিটরের পর্দার সাথে সমন্বয় সাধনের জন্য এই অপশন ব্যবহার করা হয়।

- Click on View > Click on Fit on Screen

অথবা, টুল বক্সের Hand Tool এ Double Click (ডাবল ক্লিক) করতে হবে।

Actual Pixels ঃ ইমেজ যে অবস্থাতেই প্রদর্শিত হোক না কেন এর প্রকৃত অবস্থা অর্থাৎ ১০০% প্রদর্শন করাতে হলে যা করতে হবে তা হলো ঃ

- Click on View > Click on Actual Pixels ;

অথবা, Zoom Tool এ Double Click (ডাবল ক্লিক)করতে হবে ;

অথবা, Alt + Ctrl + O কী-ত্রয় চাপতে হবে।

ইমেজের অংশ মাপার (ইঞ্চি/সেঃমিঃ) জন্য রুলার প্রদর্শন করে তা করা যায়। সে জন্য যে নির্দেশ নিু রূপ প্রদর্শণ করতে চাইলে ঃ

- Click 0n View > Click on Show Rulers ;

অথবা, Ctrl + R . অপ্রদর্শণ করতে চাইলে ঃ

- Click 0n View > Click on Hide Rulers ;

অথবা, Ctrl + R .

Ruler জিরোতে পরিবর্তন করা ঃ

Ruler (রুলার) এর মাপ দাগ চিহ্ন ০ থেকে ১,২,৩.... এভাবে হয়। মাপের সুবিধার্থে ইমেজের কোন অংশ রুলারের শূন্য উৎস (Rulers Zero Origin) শুরু করা যায়।

প্রয়োগ বিধি ঃ

- প্রমে ইমেজটি সচল করতে হবে ;
- Ruler প্রদর্শিত না থাকলে View ক্লিক করে Show Rulers ক্লিক করতে হবে

Guide প্রদর্শণ/অপ্রদর্শণ

Color প্যালেট নিয়ে কাজ করা

- উন্ডোর উর্ধ্ব বাম কোণায় হরিজন্টাল এবং ভার্টিক্যাল রুলারের ছেদ (Intersection) অবস্থানে মাউস পয়েন্ট রাখতে হবে
- মাউস দিয়ে ড্র্যাগ করে ইমেজের যেখান থেকে র‍ুলারের শূন্য উৎস শুরু করতে চান সেখানে আসুন।
- মাউসের বোতাম ছেড়ে দিন।

Guide প্রদর্শণ ঃ

ফটোশপ প্যাকেজে ড্রয়িং সুবিধার জন্য হরিজন্টাল বা ভার্টিক্যাল লাইন স্থাপন করে কাজ করা যায়।
লাইনগুলো প্রদর্শিত হলেও তা প্রিন্ট হয় না। এ গুলোকে গাইড বলা হয়।

প্রয়োগ বিধি ঃ

- প্রমে ইমেজকে সচল করতে হবে ;
- র‍ুলার প্রদর্শিত না হয়ে থাকলে তা প্রদর্শন করতে হবে ;
- Horizontal Rular (হরিজন্টাল র‍ুলার) এর ভিতরে ক্লিক করে মাউস দিয়ে ড্র্যাগ করে ইমেজের যে স্থানে বসাতে চাই সেখানে এনে ছেরে দিতে হবে।

Guide অপ্রদর্শণ ঃ

গাইড প্রদর্শণ করতে না চাইলে View ক্লিক করে Hide Guides নির্দেশ দিতে হবে।

Guide প্রদর্শণ ঃ

পুনরায় গাইড প্রদর্শণ করতে চাইলে View ক্লিক করে Show Guides নির্দেশ দিতে হবে।

Guide মুভ করা ঃ কাজের সুবিধার্থে গাইডকে মুভ করা প্রয়োজন হতে পারে ; সে জন্য নির্দেশনা নিু রূপ ঃ

- যে ইমেজের গাইড মুভ করা দরকার সেটি সিলেক্ট করতে হবে ;
- গাইড যদি লক করা থাকে তবে তা আনলক করতে হবে ;
- টুলবক্সে Move Tool সিলেক্ট করে যে গাইডটি মুভ করতে চাই সেটির উপর মাউস পয়েন্ট নিতে হবে

- এখন ড্র্যাগ করে গাইডটি মুভ করতে হবে।

উপরিউক্ত কাজ গুলো ছাড়া গাইড লক এবং গাইড মুছে দেয়া ইত্যাদি কাজ গুলো View মেনু থেকে করা যায়।

ফটোশপে কালার প্যালেট ব্যবহার অতিব গুরুত্ব পূর্ণ। কালার প্যালেট ব্যবহার করে ফোরগ্রাউন্ড এবং ব্যাকগ্রাউন্ড কালার নির্বাচন করা যায়। রঙ ব্যবহার করার জন্য আরও যে টুল এবং ব্যাপার সংশিণ্টষ্ট তা হল

- টুলবক্সের Foreground & Background কালার বক্স ;

Gradient নিয়ে কাজ করা

- Eye Dropper tool ;
- Point Backer tool ;
- Gradient tool ;

কালার প্যালেটের উপরে ডানদিকের বাটনে ক্লিক করলে পর্দায় কালার প্যালেট মেনু প্রদর্শিত হবে ঃ

মেনু থেকে যে মোড নির্বাচন করা হবে সে মোডেই কালার প্যালেট প্রদর্শিত হবে। যেমন RGB Sliders এবং RGB Spectrum নির্বাচন করলে RGB মোডে কালার প্যালেট প্রদর্শিত হবে।

কালার প্যালেট থেকে রং নির্বাচন করা ঃ

তিন ভাবে রঙ নির্বাচন করা যায় ঃ

- স্লাইডার ব্যবহার করে ;
- কালার প্যালেটের নিচে প্রদর্শিত কালার বার থেকে ক্লিক করে ;
- স্লাইডারের ডান পাশের টেক্সট বক্সে সংখ্যা বা মান বসিয়ে ।

Foreground & Background কালার ঃ

সব ইমেজেরই ফোরগ্রাউন্ড (সামনের অংশ) এবং ব্যাকগ্রাউন্ড (পিছনের অংশ) রয়েছে। ফটোশপ প্যাকেজে ফোরগ্রাউন্ড এবং ব্যাকগ্রাউন্ড ব্যবহার করতে হয় নিম্নোক্ত ভাবে ।

Foreground ঃ

- পেইন্ট করা হয় ।
- কোন নির্বাচিত অংশকে ফিল করা হয়।
- স্ট্রোকে অংশ নিলে কাটা অংশে প্রদর্শিত হয়।

Background ঃ

- গ্রেডিয়েন্ট ফিল করার জন্য ব্যবহার করা হয়।
- ইমেজের অংশ কেটে নিলে কাটা অংশে প্রদর্শিত হয়।

দুই বা ততোধিক রং শুরু হয়ে ৭মশ মিশ্রিত হওয়াকে গ্রেডিয়েন্ট বলা হয়। আলোচ্য প্যাকেজে এর ব্যবহার খুবই গুরুত্ববহ। পাঁচ ধরণের গ্রেডিয়েন্ট লক্ষ্য করা যায় । যেমন ঃ

(1). Linear Gradient Tool (2). Radial Gradient Tool (3). Angle Gradient Tool
(4). Reflected Gradient Tool (5). Diamond Gradient Tool.

To Use Gradient (গ্রেডিয়েন্ট ব্যবহার করা) ঃ

ফটোশপে কতগুলো ডিফল্ট গ্রেডিয়েন্ট রয়েছে। এগুলো ব্যবহার করা যায়। আমারা Transparent Rainbow গ্রেডিয়েন্ট ব্যবহার নিম্নরূপে ঃ

- নতুন একটি ডকুমেন্ট ওপেন করতে হবে
- টুলবক্সে Rectangular Marquee Tool টি নির্বাচন করতে হবে
- টুলবস্কে Linear Gradient Tool টিতে ডাবল ক্লিক্ করতে হবে। পর্দায় গ্রেডিয়েন্ট প্রদর্শিত হবে।

প্যাটার্নের তৈরি ও ব্যবহার

ইমেজ ফিল্টারকরণ

- ড্রপ ডাউন বাটনে ক্লিক করে তালিকা থেকে গ্রেডিয়েন্ট সিলেক্ট করতে হবে
- সিলেক্ট বক্সের উপর মাউস পয়েন্টার দিয়ে প্রেস ও ড্রাগ করতে হবে
- সিলেকশন অংশটুকু গ্রেডিয়েন্ট হবে।

To Delete Gradient (গ্রেডিয়েন্ট মুছা) ঃ
তৈরি করা সব গ্রেডিয়েন্ট থেকে অনেক সময় অপ্রয়োজনীয় গ্রেডিয়েন্ট মুছার দরকার হতে পারে । তার জন্য নিু রূপ নির্দেশনা ঃ

- টুলবক্সে গ্রেডিয়েন্ট টুলে ডাবল ক্লিক করতে হবে ;
- গ্রেডিয়েন্ট প্যালেটের Edit..... বাটনে ক্লিক্ করে গ্রেডিয়েন্ট এডিটর ডায়লগ বক্স Open (ওপেন) করতে হবে
- যে গ্রেডিয়েন্ট মুছতে হবে সেটি সিলেক্ট করতে হবে ;
- Delete বাটন ক্লিক করতে হবে।

ফটোশপ প্যাকেজে প্যাটার্ন তৈরি করে উহাকে ইমেজের Background (ব্যাকগ্রাউন্ড) হিসেবে ব্যবহার করা যায়।
প্রয়োগ বিধি ঃ

- ফটোশপ শুর“ করে Sky নামে অথবা অন্য যে কোন নামক একটি ডকুমেন্ট তৈরী করতে হবে ;
- নতুন একটি লেয়ার তৈরী করতে হবে (Shift + Ctrl + N) চেপে ;
